শিল্প মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসি এফভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	শিল্প মন্ত্রণালয়	০৫	০৫	-	-	০৫	০৫	৩৩ % - ২৩৩%	২	২.১৪ % - ১৩৩.৩৯ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ৫টি

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;

(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;

(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;

(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;

(ঙ)প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয় ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

(চ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্য দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

(ছ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণ কী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:

(ক) অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না। ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির ফলে ব্যয়ও বৃদ্ধি পায়;

(খ) বৈদেশিক যাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ম্যাচিং ফান্ডের অভাব;

(গ) অনুমোদিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারায় দ্রব্যমূল্যের বাজার দর বৃদ্ধি;

(ঘ) প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন ঝুকি নির্ধারণ না করা;

(ঙ) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি,টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

(চ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

(ছ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

(জ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পের যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

(ঝ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যা	সুপারিশ
৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না।	৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রয়োজন;
৩.২ ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারা;	৩.২ কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন;
৩.৩ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব	৩.৩ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন;
৩.৪ কাজের গুণগতমান সংক্রান্ত	৩.৪.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষৎতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন। ৩.৪.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা অবশ্যক।
৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত	৩.৫ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।
৩.৬ প্রকল্পের যানবাহন সংক্রান্ত	৩.৬ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আব্যশ্যক।
৩.৭ প্রকল্পের পরিচালক সংক্রান্ত	৩.৭.১ প্রকল্প সুষ্ঠ বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়োগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে। ৩.৭.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষৎতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোদী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন।
৩.৮ সম্ভাব্যতা সমীক্ষা	৩.৮ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন।
৩.৯ ভূমি অধিগ্রহণে বিলম্ব	৩.৯ প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়।

সমস্যা	সুপারিশ
৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা হয় না।	৩.১ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করা প্রয়োজন;
৩.২ ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম করতে না পারা;	৩.২ কর্মপরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন;
৩.১০ পিসিআর প্রেরণে বিলম্ব	৩.১০ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক।

ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

১. প্রকল্পের নাম : ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)।

২. প্রকল্পের অবস্থান : ধামরাই, ঢাকা।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) ।

৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয় ।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)**
মূল (প্রঃ সাঃ)	**সংশোধিত (প্রঃ সাঃ)**		**মূল**	**সংশোধিত**			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৪১.০০	৩৭০৫.০০	৩৬০৪.০০	জানুয়ারী ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭	জানুয়ারী ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯	জানুয়ারী ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯	২৮.৬%	৬৬.৬৬ %

৬. **অর্থায়নের উৎস: জিওবি**- ৩৭০৫.০০ **লক্ষ টাকা।**

৭. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:**

প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		একক	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক) রাজস্ব							
১	৩২২৪১১০১ অভ্যন্তরীণ ভ্রমন ব্যয়	গুচ্ছ	২.০০	১০০%	১.৮৪	৯১.৯০%	
২	৩১১৩২৭ অতিরিক্ত সময়ের কাজের ভাতা	গুচ্ছ	১.৫০	১০০%	১.৩১	৮৭.২৭%	
৩	৩৮২১১০২ ভূমি উন্নয়ন কর	গুচ্ছ	৩.০০	১০০%	২.২০	৭৩.৩৩%	
৪	৩২১১১১৯ ডাক	গুচ্ছ	০.৩০	১০০%	০.১৬	৫৪.৩৩%	
৫	৩২২১১২০ টেলিফোন	গুচ্ছ	০.৫০	১০০%	-	-	
৬	৩২৪৩১০১ পেট্রোল, ওয়েল এন্ড লুব্রিকেন্ট	গুচ্ছ	৬.০০	১০০%	৫.৮৯	৯৮.১৫%	
৭	৩২২১১০৮ ব্যাংক চার্জ	গুচ্ছ	১.০০	১০০%	০.০০	১০০%	
৮	৩২৫৫১০২ মুদ্রন ও বাধাই	গুচ্ছ	২.০০	১০০%	১.৯৯	৯৯.২৫%	
৯	৩২৫৬১০৬ স্ট্যাম সীল	গুচ্ছ	৩.০০	১০০%	২.৯৯	৯৯.৬৭%	
১০	৩২১১১২৫ প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	গুচ্ছ	৩.০০	১০০%	২.৯৪	৯৮.০৩%	
১১	৩১১১৩৩২ আপ্যায়ন ব্যয়	গুচ্ছ	৩.৫০	১০০%	৩.৪৭	৯৯.২৬%	
১২	৩২১১১২৫ কনসালটেন্সি	গুচ্ছ	১.৫০	১০০%	-	-	
১৩	৩২২১১০৫ টেস্টিং ফি	গুচ্ছ	২.৫০	১০০%	০.১৫	৬%	
১৪	৩২৫৭১০৪ ডিজিটাল সার্ভে	গুচ্ছ	৬.৯৭	১০০%	০.৯৭		
১৫	৩২২১১০৭ অনুলিপি ব্যয়	গুচ্ছ	২.২০	১০০%	১.১৫	৫২.৩৬%	
১৬	৩৯১১১১২ অপ্রত্যাশিত (অনির্ধারিত ব্যয়)	গুচ্ছ	৩.৭৩	১০০%	৩.৭৩	১০০%	
১৭	৩২৫৮১০১ মোটরযান	গুচ্ছ	৬.০০	১০০%	৬.০০	১০০%	
১৮	৩২৫৮১০১ কম্পিউটার ও অফিস	গুচ্ছ	০.৬০	১০০%	০.৬০	১০০%	

ক্রঃ নং	অংগের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		একক	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
	ইক্যুইপমেন্ট						
	উপ-মোট (রাজস্ব)		৫২.৫০	১০০%	৩৫.৯৯	৬৮.৫৫%	
(খ) মুলধন							
১৯	৪১১১৩১৪ কম্পিউটার	সংখ্যা	১.০০	১০০%	১.০০	১০০%	
২০	৪১১২৩১০ ফটোকপি মেশিন		২.৯০		২.৯০	১০০%	
২১	৪১১২৩০৪ আসবাবপত্র	গুচ্ছ	৫৮০.০০	১০০%	৫৮০	১০০%	
২২	৪১১২৩১৪ বৈদ্যুতিক সরঞ্জামাদি	সংখ্যা	৭.৫০	১০০%	৭.৪৯	৯৯.৮৭%	
২৩	৪১১৩১০২ বনায়ন	সংখ্যা	১.০০	১০০%	১.০০	১০০%	
২৪	৪১৪১১০১ ভূমি অধিগ্রহণ	সংখ্যা	২৩৯৩.৮৩	১০০%	২৩৯৩.৮৩	১০০%	
২৫	৪১১১৪ ভূমি উন্নয়ন	গুচ্ছ	৩৩৪.৫৭	১০০%	৩১৬.১৯	১০০%	
২৬	৪১১১১০১ ইন্সপেকশন বাংলো	গুচ্ছ	১.০০	১০০%	১.০০	১০০%	
২৭	৪১১১৩০৪ রাস্তা নির্মাণ	গুচ্ছ	২৮৩.১০	১০০%	২৭১.২৪	৯৫.৮১	
২৮	৪১১১৩০৮ ডিপ টিউবয়েল	গুচ্ছ	৩৯.৯৮	১০০%	৩৯.৯৮	১০০%	
২৯	৪১১১৩০৯ ইউপিভিসি	গুচ্ছ	৩৬.৩০	১০০%	৩৪.৪০	৯৪.৭৭	
৩০	৪১১১৩১৩ বিদ্যুৎ ও গ্যাস লাইন	গুচ্ছ	১৮৭.০০	১০০%			
৩১	৪১১১৩০৭ ড্রেনেজ	গুচ্ছ	৩০৫.৩১	১০০%	২৯৬.৪৬	৯৭.১০	
উপ-মোট			৩০৬৬.৬১	১০০%	২৮১৯.৬	৯১.৯৫%	
	(ঘ) প্রাইস কনটিনজেন্সি	গুচ্ছ	২৩.৬৮	-	-	-	
	মোট প্রজেক্ট ব্যয়		৩৭০৫.০০		৩৬০৩.৫৩	৯৭.২৬%	

সূত্র:পিসিআর ও প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী

৮. **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রযোজ্য নয়।**

৯. **সাধারণ পর্যবেক্ষণ:**

৯.১ প্রকল্পের পটভূমিঃ

ঢাকা জেলার অন্তর্গত ঢাকা আরিচা মহাসড়কের পাশে ধামরাই উপজেলার অবস্থান। এ উপজেলায় জুলাই/ ২০০০ হতে জুন /২০০৭ পর্যন্ত মেয়াদে বিসিক প্রায় ১৯.০১ একর জায়গা জুড়ে একটি শিল্পনগরী স্থাপন করে। ধামরাই বিসিক শিল্পনগরীর সব প্লটেই শিল্প কারখানা স্থাপিত হওয়ায় বর্তমানে নতুন করে শিল্প স্থাপনের জন্য কোন প্লট খালি নাই। উদ্যোক্তাগণ দীর্ঘদিন যাবৎ ক্রমাগতভাবে শিল্প প্লটের জন্য আবেদন করে আসছেন। উদ্যোক্তাগণের এসকল আবেদনের প্রেক্ষিতে ধামরাই শিল্পনগরীর সম্প্রসারণের বিষয়ে ঢাকা-২০ আসনের মাননীয় সংসদ সদস্য বিসিকের চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের প্রেক্ষিতে প্রকল্প এলাকাটির পরিদর্শনের জন্য শিল্পমন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠিত হয় এবং কমিটি বিদ্যমান শিল্পনগরীর পাশে প্রকল্প স্থাপন করার জন্য প্রস্তাব করেন। উদ্যোক্তার চাহিদা এবং গ্যাস, বিদ্যুৎ ও পানি সরবরাহ যোগাযোগ ব্যবস্থা ও জনবলসহ অন্যান্য সার্বিক সুযোগ সুবিধা সহজলভ্য হওয়ায় ঢাকা আরিচা মহাসড়কের পার্শ্ববর্তী স্থানে বিদ্যমান ধামরাই বিসিক শিল্পনগরীর উত্তর পার্শ্বের ডাউটিয়া মৌজায় ২০.০০ একর জায়গায় ধামরাই বিসিক শিল্পনগরীর সম্প্রসারণের বিষয়ে উক্ত কমিটি কতৃর্ক সুপারিশ করা হয়। পরবর্তীতে সমীক্ষার সুপারিশের আলোকে ধামরাই উপজেলায় ডাউটিয়া মৌজায় বিসিকের বিদ্যমান শিল্পনগরী সম্প্রসারণের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় কতৃর্ক আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৯.২ প্রকল্পের মূল উদ্দেশ্য :

- ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পের উন্নয়নের জন্য উদ্যোক্তাগণের চাহিদা মোতাবেক শিল্প প্লট বরাদ্দ প্রদান করা।
- ধামরাই তথা সমগ্র দেশে শিল্প কার্যক্রম পরিচালনা করা।
- নারীর ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে ১০ শতাংশ সংরক্ষিত শিল্প প্লট সম্ভাবনাময় নারী উদ্যোক্তাদের বরাদ্দ প্রদান করা।
- কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জিডিপিতে এর অবদান বৃদ্ধি করা।
- পরিবেশ বান্ধব শিল্প কারখানা স্থাপন করে শিল্পায়ন করা।

৯.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম: প্রকল্প এলাকায় ভূমি অধিগ্রহণ ভূমি উন্নয়ন, শিল্প স্থাপনের জন্য শিল্প প্লটের সাথে পানি, গ্যাস বিদ্যুৎসহ প্রয়োজনীয় উপযোগের ব্যবস্থা করাই প্রকল্পের প্রধান কাজ।

৯.৪ **প্রকল্পের অনুমোদন অবস্থা:**

বিবরণ	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	১৮/০৯/২০১৪	মাননীয় পরিকল্পনা মন্ত্রী
বিশেষ সংশোধন	১৫/০৭/২০১৭	মাননীয় পরিকল্পনা মন্ত্রী
১ম সংশোধন	২২/০১/২০১৯	মাননীয় পরিকল্পনা মন্ত্রী

৯.৫ **(ক) প্রকল্প বিশেষ সংশোধনের কারণ ও যৌক্তিকতা** :

ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পটি মোট ২৪৪১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুনায়ারি/২০১৫ থেকে ডিসেম্বর/২০১৭ মেয়াদে বাস্তবায়নের নিমিত্তে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক বিগত ১৫-০১-২০১৫ তারিখে অনুমোদন লাভ করে। ডিপিপি প্রণয়নকালে ১২.৫০ একর জমি অধিগ্রহণ বাবদ সংশ্লিষ্ট উপজেলার সাব-রেজিস্টার কার্যালয় হতে সংগৃহীত ২০১২ সালের মৌজা মূল্যের ভিত্তিতে জমির মূল্য, অতিরিক্ত ক্ষতি পূরণ ও প্রশাসনিক ব্যয়সহ মোট ১৪১০.৯৪ লক্ষ টাকা প্রাক্কলন করা হয়েছিল। প্রকল্পটি অনুমোদনের পর প্রকল্পের জন্য চিহ্নিত ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সোমবাগ ইউনিয়নের ১৭৬ নং ডাউটিয়া মৌজায় প্রকল্পের জন্য ১২.৫০ একর জমির সংকুলান না হওয়ায় ১২.৪৯ একর জমি অধিগ্রহণ বাবদ ২৪৩০.৩১ লক্ষ টাকা একটি সম্ভাব্য প্রাক্কলন প্রদান করে যা অনুমোদিত ডিপিপিতে উল্লিখিত মূল্যের চেয়ে ১৪১০.৯৪ লক্ষ টাকা বেশি। ফলে জমির বর্ধিত মূল্য (১৪১০.৯৪ লক্ষ টাকা) সংস্থানের জন্য বর্ণিত প্রকল্পের ডিপিপি বিশেষ সংশোধন করা হয়।

(খ) প্রকল্প ১ম সংশোধনের কারণ ও যৌক্তিকতা:

প্রকল্পের পূর্ত কাজগুলোর ব্যয় প্রকাশিত পিডব্লিউডি রেট সিডিউল ২০১৮ অনুযায়ী প্রাক্কলন করণ, নতুন অর্থনৈতিক কোড অনুযায়ী ডিপিপি প্রনয়ণ, প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধিকরণ এবং রাজস্বখাতের অত্যাবশ্যকীয় কয়েকটি অংগের ব্যয় বৃদ্ধি পাওয়ায় প্রকল্পের ১ম সংশোধনী আনা হয়।

৯.৬ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য**:

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
১.	এ.কে.এম নওশের ইমজাদ	-	হ্যা	না	**২৮/১০/২০১৪**	**৩০/০৬/২০১৮ (অবসর জনিত)**
২.	নাজমুল আবেদীন	-	হ্যা	হ্যা	**৩০/০৬/২০১৮**	**১৫/১০/২০১৮**
৩.	মানসুরুল করিম	-	হ্যা	না	**১৫/১০/২০১৮**	**২৪/০৫/২০১৯**
৪.	জহিরুল ইসলাম খান	-	হ্যা	না	**২৪/০৫/২০১৯**	**৩১/১২/২০১৯**

প্রকল্প পরিচালক এ.কে.এম নওশের ইমজাদ এর অবসরজনিত কারণে নাজমুল আবেদীন অতিরিক্ত দায়িত্ব পালন করেন। পরবর্তীতে মানসুরুল করিম প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগ প্রাপ্ত হন এবং জনাব মানসুরুল করিম পদোন্নতি প্রাপ্ত হওয়ার কারণে জনাব জহিরুল ইসলাম খান প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন।

৯.৭ **বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়:**

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি	সংশোধিত ডিপিপি	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১৪-২০১৫	১২.০০	১০.৬০	১০.৬০	১২.০০	১০.৫৯	১.৪০
২০১৫-২০১৬	১৭৬১.৩০	২৩৯৮.৪৩	২৩৯৮.৪৩	২৪৩০.০০	২০৩৮.৬৩	৩১.৬৮
২০১৬-২০১৭	৫০৬.২২	৪১.৫১	৪১.৫১	৪০১.৫০	৪০১.৫০	৬২.০০
২০১৭-২০১৮	১৬১.৪৮	১৭৫.৯১	১৭৫.৯১	৩০৫.০০	১৭৬.৭১	৪২৫.০৬
২০১৮-২০১৯	০০.০০	৮৬৮.৭২	৮৬৮.৭২	১০০.০০	৯৭.৩৪	২.৮২
২০১৯-২০২০	০০.০০	২০৯.৪৩	২০৯.৪৩	৯৫৬.২২	৮৭৮.৭৬	৭৭.৪৯
মোট	২৪৪১.০০	৩৭০৫.০০	৩৭০৫.০০	৪২০৪.৭২	৩৬০৩.৫৩	৬০১.১৯

৯.৮ **প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন:** প্রকল্প বাস্তবায়ন করার জন্য মোট ১১টি প্যাকেজের আওতায় কার্য সম্পাদন করা হয়েছে। কার্যের প্যাকেজের ৮টি ভৌত অবকাঠামোগত এবং ৩টি পন্য সংক্রান্ত। অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন ইকুইপমেন্ট, অফিস যন্ত্রপাতি, বৈদ্যুতিক লাইন, গ্যাস লাইন, রাস্তা, ড্রেন-কালভার্ট, পানি সরবরাহ লাইন, ভূমি উন্নয়ন, ইন্সপেকশন বাংলো নির্মাণ ও অন্যান্য যন্ত্রপাতির তালিকা পরিশিষ্ট 'ক' তে দেওয়া হলো ।

১০. অডিট সংক্রান্ত তথ্য: প্রকল্প অদ্যাবধি বাণিজ্যিক নিরীক্ষা করা হয়নি।

১১. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
১। প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল।	১। প্রকল্পের ভূমি অধিগ্রহণ করা হয়েছে।
২। প্রকল্পের অধিগ্রহণকৃত ভূমিতে রাস্তা, ড্রেন-কালভার্ট নির্মাণ করে শিল্প প্লট প্রস্তুত করার লক্ষ্য নির্ধারিত ছিল।	২। ইতোমধ্যে প্রকল্পের অধিগ্রহণকৃত ভূমিতে রাস্তা, ড্রেন-কালভার্ট নির্মাণ করা হয়েছে।
৩। প্রকল্প এলাকায় পরিবেশবান্ধব শিল্প স্থাপনের জন্য শিল্পের উপযোগ যথা পানি, বিদ্যুৎ, গ্যাসসহ সরবরাহ নিশ্চিত করা।	৩। প্রকল্প এলাকায় শিল্প প্লটের সাথে শিল্প উপযোগ যথা পানি, বিদ্যুৎ, গ্যাসসহ সরবরাহ নিশ্চিত করা হয়েছে।
৪। সরকারি কর্মকর্তা ও শিল্প উদ্যোক্তাদের জন্য বিদ্যমান শিল্পনগরীর ৩য় তলায় ইন্সপেকশন বাংলো নির্মাণ করার লক্ষ্য ছিল।	৪। সরকারি কর্মকর্তা ও শিল্প উদ্যোক্তাদের জন্য বিদ্যমান শিল্পনগরীর ৩য় তলায় ইন্সপেকশন বাংলো নির্মাণ করা হয়েছে।
৫। স্থানীয় ও দেশি-বিদেশি উদ্যোক্তাদের মাঝে শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।	৫। জেলা ভূমি বরাদ্দ কমিটির মাধ্যমে স্থানীয় ও দেশি-বিদেশি উদ্যোক্তাদের মাঝে শিল্প প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে এবং শিল্প কারখানা গড়ে উঠেছে সাথে সাথে কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে।
৬। নারীর ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে ১০ শতাংশ শিল্প প্লট সংরক্ষণের মাধ্যমে সম্ভাবনাময় নারী উদ্যোক্তাদের বরাদ্দ রাখা হয়।	৬। নারীর ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে ১০ শতাংশ সংরক্ষিত শিল্প প্লট সম্ভাবনাময় নারী উদ্যোক্তাদের বরাদ্দ প্রদান করা হয়েছে।
৭। শিল্পায়নকে ত্বরান্বিত করা এবং কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে জিডিপিতে শিল্পখাতে অবদান বৃদ্ধি করার লক্ষ্য ছিল।	৭। শিল্পায়নকে ত্বরান্বিত করা এবং কর্মসংস্থান সৃষ্টি করার মাধ্যমে জিডিপিতে শিল্পখাতে অবদান বৃদ্ধি পেয়েছে।

১২. সার্বিক পর্যবেক্ষণ:

ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য মূলত: স্থানীয় ও দেশি-বিদেশি উদ্যোক্তাদের মাঝে শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা এবং শিল্পায়নের মাধ্যমে জিডিপিতে শিল্পখাতে অবদান বৃদ্ধি করা। আলোচ্য প্রকল্পে সকল অবকাঠামো সুবিধাসহ (ইকুইপমেন্ট, অফিস যন্ত্রপাতি, বৈদ্যুতিক লাইন, গ্যাস লাইন, রাস্তা, ড্রেন-কালর্ভাট, পানি সরবরাহ লাইন, ভূমি উন্নয়ন, ইন্সপেকশন বাংলো) ৬১টি প্লট নির্মাণ করা হয়েছে।

ইন্সপেকশন বাংলো:

বিদ্যমান শিল্পনগরীর অফিস কক্ষে ৩য় তলায় ইন্সপেকশন বাংলো নির্মাণ করা হয়েছে। উক্ত বাংলোতে ৩টি কক্ষ, ১টি ডাইনিং কক্ষ এবং ২টি টয়লেট রয়েছে। ৩টি কক্ষের মধ্যে ১টি ভিআইপি বিশ্রামাগার রয়েছে। দুটি কক্ষে খাট, সোফাসেট, চেয়ার-টেবিলসহ অন্যান্য আসবাবপত্র রয়েছে। ভিআইপি কক্ষের এসি নিম্নমানের পরিলক্ষিত হয়। স্প্লিট টাইপ এসির ইন্ডোর হতে পানি পরে ওয়াল ড্যাম হওয়াসহ ভিআইপি কক্ষ স্যাঁতস্যাঁতে মনে হচ্ছে। কক্ষের অন্যান্য আসবাবপত্র তৈরিতে নিম্নমানের কাঠ ব্যবহার করা হয়েছে। ডাইনিং কক্ষে ১টি আলমিরা ও ডাইনিং টেবিলসহ ৬টি চেয়ার রয়েছে। এছাড়া ভিআইপি কক্ষের বাথরুমে বিভিন্ন টাইপের নিম্নমানের টাইলসসহ বাথরুম ফিটিংস ব্যবহার করা হয়েছে।

নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ১৫/১২/২০১৭ খ্রিঃ তারিখে ৩২.০২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২৫/০৬/ ২০১৮ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ২৬/১২/২০১৮ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এসি ক্রয়ের ক্ষেত্রে দেখা যায় যে, ১.৫ টনের দুটি এসির প্রাক্কলিত মূল্য ২,৪৯,৪০০.০০ টাকা যা অত্যধিক মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে বাংলো নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে বাংলোটি নকশার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে।

ভূমি অধিগ্রহণ:

ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পটি মোট ২৪৪১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুনায়ারি/২০১৫ থেকে ডিসেম্বর/২০১৭ মেয়াদে বাস্তবায়নের নিমিত্তে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক বিগত ১৫-০১-২০১৫ তারিখে অনুমোদন করা হয়। ডিপিপি প্রণয়নকালে ১২.৫০ একর জমি অধিগ্রহণ বাবদ সংশ্লিষ্ট উপজেলার সাব-রেজিস্টার কার্যালয় হতে সংগৃহীত ২০১২ সালের মৌজা মূল্যের ভিত্তিতে জমির মূল্য, অতিরিক্ত ক্ষতি পূরণ ও প্রশাসনিক ব্যয়সহ মোট ১৪১০.৯৪ লক্ষ টাকা প্রক্কলন করা হয়েছিল। প্রকল্পটি অনুমোদনের পর প্রকল্পের জন্য চিহ্নিত ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সোমবাগ ইউনিয়নের ১৭৬ নং ডাউটিয়া মৌজায় প্রকল্পের জন্য ১২.৫০ একর জমির সংকুলান না হওয়ায় ১২.৪৯ একর জমি অধিগ্রহণ বাবদ ২৪৩০.৩১ লক্ষ টাকা একটি সম্ভাব্য প্রাক্কলন প্রদান করে যা অনুমোদিত ডিপিপিতে উল্লিখিত মূল্যের চেয়ে ১৪১০.৯৪ লক্ষ টাকা বেশি। ফলে জমির বর্ধিত মূল্য (১৪১০.৯৪ লক্ষ্য টাকা) সংস্থানের জন্য বর্ণিত প্রকল্পের ডিপিপি বিশেষ সংশোধন করা হয়। প্রকল্পটির বিশেষ সংশোধনের পর ঢাকা জেলা প্রশাসক মহোদয়ের চাহিদা মোতাবেক জমির মূল্য পরিশোধ করে ১২.৪৯ একর জমি অধিগ্রহণ করা হয়।

ভূমি উন্নয়ন:

প্রকল্পটি অনুমোদনের পর প্রকল্পের জন্য চিহ্নিত ঢাকা জেলার ধামরাই উপজেলাধীন সোমবাগ ইউনিয়নের ১৭৬ নং ডাউটিয়া মৌজায় প্রকল্পের জন্য ১২.৪৯ একর জমি অধিগ্রহণ করা হয়। উক্ত জমি অধিগ্রহণের পর শিল্প প্লট প্রস্তুত করার জন্য ভূমি উন্নয়ন কাজ করা হয়। ভূমি উন্নয়ন কাজ পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্প এলাকায় ভূমি উন্নয়ন সমভাবে করা হয়নি। ফলে বিভিন্ন প্লটে বড় বড় গর্তসহ নিচু প্লট তৈরী হয়েছে। এছাড়া প্রকল্প এলাকার রাস্তা ও ড্রেন হতে প্লট গুলো প্রায় ৩/৪ ফুট নিচু পরিলক্ষিত হয়। যা বর্ষা মৌসুমে এবং শিল্প কারখানা চালু হলে জলাবদ্ধতার কারণ হতে পারে। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ১৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখে ৩১৬.১৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ৩০/০৬/ ২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ০৩/১০/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে ভূমি উন্নয়ন কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। কাজের মান সন্তোষজনক নয়।

রাস্তা:

প্রকল্পটির রাস্তা প্রত্যেকটি শিল্প প্লটের সাথে সংযুক্ত রয়েছে। প্রকল্প এলাকায় পরিদর্শনে দেখা যায় যে, প্রধান সড়কের সাথে আরো ৩টি শাখা সড়ক রয়েছে যা প্রত্যেকটি শিল্প প্লটের সম্মুখভাগে বিদ্যমান। শিল্প প্লটে অবস্থিত শিল্প কারখানার মালামাল যাতায়াত করার জন্য উক্ত রাস্তাগুলো ব্যবহার করা হচ্ছে। রাস্তার শেষ অংশে ভাঙ্গন ধরেছে। রাস্তার স্তর পর্যালোচনায় দেখা যায় যে, তরিঘরি করে রাস্তা নির্মাণ করার ফলে ঠিকমত কম্পেকশন করা হয়নি। ফলে রাস্তার স্থায়ীত্ব কম হবে মর্মে প্রতীয়মান হয়। এছাড়া রাস্তার পাড় উচু থাকায় রাস্তাতে পানি জমার সম্ভাবনা রয়েছে। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ০৩/১০/২০১৯ খ্রিঃ তারিখে ২৭১.২৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ০২/১২/ ২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে রাস্তাটির নির্মাণ কাজ প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে রাস্তাটি মূল নকশার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে। কাজের মান সন্তোষজনক নয়।

ড্রেন-কালভার্ট:

প্রকল্পটিতে শিল্প প্লটের বজ্য অপসারণের জন্য প্রত্যেকটি প্লটের সামনে ড্রেনেজ ব্যবস্থার সংস্থান রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, ড্রেনগুলো মাটি দিয়ে প্রায় সম্পূর্ণ ভরাট হয়ে গেছে। এছাড়া প্রধান সড়কের সাথে সংযুক্ত সড়কগুলোতে কালভার্ট বিদ্যমান রয়েছে। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ১৮/০৭/২০১৯ খ্রিঃ তারিখে ২৯৬.৪৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২৮/১১/ ২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে ড্রেনেজ ও কালভার্ট নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে ড্রেনেজের ভিত্তি পরিমাপে মূল নকশার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে। কাজের মান মোটামুটি সন্তোষজনক।

বিদ্যুৎ সরবরাহ লাইন:

পরিদর্শনকালে দেখা যায় যে, শিল্প উদ্যোক্তাদের শিল্প কারখানায় বিদ্যুৎ সরবরাহের জন্য প্রত্যেকটি প্লটের সম্মুখভাগে বৈদ্যুতিক লাইন স্থাপন করা হয়েছে। এছাড়া প্রকল্প এলাকায় ৪টি ট্রান্সফর্মার রয়েছে যা দৃশ্যমান। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ০৭/১১/২০১৯ খ্রিঃ তারিখে ৯৮.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২৮/১১/ ২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে বিদ্যুৎ লাইন নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে বিদ্যুৎ লাইন নির্মাণ কাজটি ডিপিপির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং লাইনটি সচল রয়েছে বলে মনে হয়েছে। কাজের মান সন্তোষজনক।

ডিপ-টিউবওয়েল:

শিল্প উদ্যোক্তাদের চাহিদা মোতাবেক শিল্প কারখানার পানি সরবরাহ করার জন্য ডিপ-টিউবওয়েল স্থাপন করা হয়েছে। উক্ত ডিপ-টিউবওয়েলটি প্রকল্পের দক্ষিণ পাশে অবস্থিত। উক্ত ডিপ-টিউবওয়েল থেকে প্রত্যেকটি শিল্প প্লটে নিরবচ্ছিন্ন পানি সরবরাহ করার ব্যবস্থা রাখা হয়েছে। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ২৬/০৩/২০১৮ খ্রিঃ তারিখে ৩৯.৯৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২৬/১১/ ২০১৮ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে ডিপ-টিউবওয়েল নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে ডিপ-টিউবওয়েল স্থাপন মূল নকশার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে। কাজের মান সন্তোষজনক।

গ্যাস লাইন:

পরিদর্শনকালে দেখা যায় যে, শিল্প উদ্যোক্তাদের শিল্প কারখানায় গ্যাস সরবরাহ করার জন্য প্রকল্প এলাকায় গ্যাস লাইনের পাইপ স্থাপন করা হয়েছে। এছাড়া প্রত্যেকটি শিল্প প্লটের সম্মুখভাগে গ্যাস লাইনের পাইপ স্থাপন করা হয়েছে যা দৃশ্যমান। উদ্যোক্তাদের চাহিদা মোতাবেক গ্যাস সরবরাহ করা হয়। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ৩০/০৪/২০১৯ খ্রিঃ তারিখে ৬৮.৪২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২৮/১২/ ২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ৩১/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে গ্যাস লাইন নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে গ্যাস লাইন ভিত্তি পরিমাপে মূল নকশার সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে। কাজের মান সন্তোষজনক।

পানি সরবরাহ লাইন:

শিল্প উদ্যোক্তাদের শিল্প প্লটগুলোতে পানি সরবরাহ করার জন্য পানির পাইপ লাইন নির্মাণ করা হয়েছে যা দৃশ্যমান। এছাড়া পানির মূল পাইপ লাইন সাব-মারসিবল পাম্পের সাথে সংযুক্ত রয়েছে। শিল্প প্লটের উদ্যোক্তাগণ চাহিদা মোতাবেক পানির লাইন সংযুক্ত করতে পারবে। নথি পর্যালোচনায় দেখা যায় যে, দরদাতা প্রতিষ্ঠানের সাথে ০৭/১১/২০১৯ খ্রিঃ তারিখে ৩৪.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২৮/১১/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হওয়ার কথা ছিল। প্রকৃতপক্ষে কাজটি ১২/১২/২০১৯ খ্রিঃ তারিখে সম্পন্ন হয়েছে। এক্ষেত্রে পানি সরবরাহ লাইন নির্মাণ কাজটি প্রায় নির্ধারিত সময়ে সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। সরেজমিনে পানির লাইন নির্মাণ কাজটি ডিপিপির সাথে সামঞ্জস্যপূর্ণ মনে হয়েছে। কাজের মান সন্তোষজনক।

১৩. সুপারিশ/মতামত:

''ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের উদ্দেশ্য মূলত: স্থানীয় ও দেশি-বিদেশি উদ্যোক্তাদের মাঝে শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি করা এবং শিল্পায়নের মাধ্যমে জিডিপিতে শিল্পখাতে অবদান

বৃদ্ধি করা। আলোচ্য প্রকল্পে সকল অবকাঠামো সুবিধাসহ (ইকুইপমেন্ট, অফিস যন্ত্রপাতি, বৈদ্যুতিক লাইন, গ্যাস লাইন, রাস্তা, ড্রেন-কালভার্ট পানি সরবরাহ লাইন, ভূমি উন্নয়ন, ইন্সপেকশন বাংলো) ৬১টি প্লট নির্মাণ করা হয়েছে। সরেজমিন পরিদর্শনে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন হয়েছে মর্মে প্রতিয়মান হয়।

১৩.১ প্রকল্পের আওতায় সংগৃহীত সরঞ্জামাদির তালিকা করে বিধি মোতাবেক রক্ষণাবেক্ষণ/বিসিকের টিওএন্ডইভুক্ত করা যেতে পারে;

১৩.২ প্রকল্পের আওতায় সংগৃহীত আসবাবপত্র ও বিদ্যমান শিল্পনগরী অফিসের তিন তলায় নির্মিত ইন্সপেকশন বাংলোর ভিআইপি কক্ষের এসি ও দেয়াল মেরামত/প্রতিস্থাপনপূর্বক যথাযথ ব্যবহার নিশ্চিত করে আইএমই বিভাগকে আগামী ১ (এক) মাসের মধ্যে অবহিত করতে হবে;

১৩.৩ প্রকল্প এলাকায় নির্মিত রাস্তা পুনঃ পরীক্ষা করতঃ উন্নতমানের রাস্তা নির্মাণের ব্যর্থতার কারণ ব্যাখ্যাসহ ভেঙ্গে পরা রাস্তা পুনঃ নির্মাণের বিষয় শিল্প মন্ত্রণালয় হতে আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে;

১৩.৪ প্রকল্পের আওতায় বরাদ্দকৃত শিল্প প্লটগুলো আরো দ্রুত গতিতে শিল্পায়ন করার জন্য কর্ম পরিকল্পনা প্রণয়নপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে;

১৩.৫ প্রকল্পের নিরাপত্তার স্বার্থে চারপাশে সীমানা প্রাচীর নির্মাণের উদ্যোগ গ্রহণপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে;

১৩.৬ পরিদর্শনে দেখা যায় যে, এ পর্যন্ত প্রকল্পের ব্যয়িত অর্থের কোন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি। অতিসত্বর অডিট কার্যক্রমের ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।

১৪. বর্ণিত সুপারিশ ও পর্যবেক্ষণের আলোকে গৃহীত ব্যবস্থা আইএমই বিভাগ-কে ১ (এক) মাসের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

১৫. পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র:

	
চিত্রঃ''ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)''	**চিত্রঃ**''ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)''
	
চিত্রঃ''ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)''	**চিত্রঃ**''ধামরাই বিসিক শিল্পনগরী সম্প্রসারণ প্রকল্প (১ম সংশোধিত)''

ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ

পরিশিষ্ট: ক

ক) পণ্য প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক / সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
জিডি-০১	ফটোকপিয়ার	সংখ্যা - ২	RFQ ১৪ এপ্রিল ২০১৬	২.৯০ লক্ষ ও জুন ২০১৬	RFQ ০৭ মে ২০১৭	০১ জুন ২০১৭ ও ২.৯০ লক্ষ	২০ জুন ২০১৭	২৯ জুন ২০১৭
জিডি-০২	কম্পিউটার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি	সংখ্যা - ১	RFQ ১৪ এপ্রিল ২০১৬	১.০০ লক্ষ ও জুন ২০১৭	RFQ ১৫ মে ২০১৭	১৩ জুন ২০১৭ ও ১.০০ লক্ষ	২৮ জুন ২০১৭	২৯ জুন ২০১৭
জিডি-০৩	আসবাবপত্র	সংখ্যা গুচ্ছ	OTM (ICT) ০২ জুন ২০১৭	৭.৫০লক্ষ ও জুন ২০১৭	OTM (ICT) ০৪ জানুয়ারি ২০১৮	১২ ফেব্রুয়ারি ২০১৮ ও ৭.৪৯ লক্ষ	০৭ জুন ২০১৮	২৭ জুন ২০১৮

খ) কাজের প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক/ সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
WD-১	ইন্সপেকশন বাংলো	গুচ্ছ	OTM ১২ জানুয়ারি ২০১৬	৩২.০২ লক্ষ ও অক্টোবর ২০১৬	OTM ও ২১ মার্চ ২০১৭	১৫ নভেম্বর ২০১৭ ও ৩২.০২ লক্ষ	২৫ জুন ২০১৮	২৬ ডিসেম্বর ২০১৮
WD-২	পানি সরবরাহ লাইন	সংখ্যা ০১	OTM (e-GP) ও ০৬ জুন ২০১৯	৩৬.৩০ লক্ষ ও ৩০ জুন ২০১৯	OTM (e-GP) ও ০৪ জুলাই ২০১৯	০৭ নভেম্বর ২০১৯ ও ৩৪.৪০ লক্ষ	২৮ নভেম্বর ২০১৯	১২ ডিসেম্বর ২০১৯

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক/ সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
WD-৩	রাস্তা	সংখ্যা ০১	OTM (e-GP) ও ২১ জানুয়ারি ২০১৮	২৮৩.১০ লক্ষ ও জুন ২০১৮	OTM (e-GP) ও ০১ সেপ্টেম্বর ২০১৯	০৩ অক্টোবর ২০১৯ ও ২৭১.২৪ লক্ষ	০২ ডিসেম্বর ২০১৯	৩১ ডিসেম্বর ২০১৯
WD-৪	ভূমি উন্নয়ন	গুচ্ছ	OTM (e-GP) ও ২৬ জানুয়ারি ২০১৭	৩৩৪.৫৭ লক্ষ ও ২৯ জুন ২০১৭	OTM (e-GP) ও ১১ মার্চ ২০১৮	১৭ এপ্রিল ২০১৮ ও ৩১৬.১৯ লক্ষ	৩০ জুলাই ২০১৯	০৩ অক্টোবর ২০১৯
WD-৫	বৈদ্যুতিক লাইন	গুচ্ছ	OTM (e-GP) ও ০৭ ফেব্রুয়ারি ২০১৯	১০০.৫১ লক্ষ ও ৩০ মে ২০১৯	OTM (e-GP) ও ০৪ জুলাই ২০১৯	১২ আগস্ট ২০১৯ ও ৯৮.৯০লক্ষ	৩০ অক্টোবর ২০১৯	৩১ ডিসেম্বর ২০১৯
WD-৬	ডিপ টিউবওয়েল	সংখ্যা ১টি	OTM ও ০৯ ফেব্রুয়ারি ২০১৭	৩৯.৯৮ লক্ষ ও ১৫ এপ্রিল ২০১৭	OTM ও ১০ মার্চ ২০১৮	২৬ মার্চ ২০১৮ ও ৩৯.৯৮লক্ষ	২৬ নভেম্বর ২০১৮	৩০ ডিসেম্বর ২০১৮
WD-৭	গ্যাস লাইন	গুচ্ছ	GT ও ০৯ ফেব্রুয়ারি ২০১৭	৮৭.০০ লক্ষ ও ২৮ ডিসেম্বর ২০১৭	GT ও ০৭ মার্চ ২০১৯	৩০ মার্চ ২০১৯ ও ৬৮.৪২ লক্ষ	২৮ নভেম্বর ২০১৯	৩১ ডিসেম্বর ২০১৯
WD-৮	ড্রেন-কালভার্ট	গুচ্ছ	OTM (e-GP) ও ০৬ মে ২০১৮	৩০৫.৩১ লক্ষ ও ডিসেম্বর ২০১৮	OTM (e-GP) ও ২২ জুন ২০১৮	১৮ জুলাই ২০১৯ ও ২৯৬.৪৬লক্ষ	২৮ নভেম্বর ২০১৯	৩১ ডিসেম্বর ২০১৯

শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০২০)

১. প্রকল্পের নাম : শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।

২. প্রকল্পের অবস্থান : রংপুর ।

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) ।

৪. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয় ।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের%)
মূল (প্রঃ সাঃ)	সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১১০৪.০০	১১০৪.০০	৭৮৮.১৮	০১/০৭/২০১৬ হতে ৩০/০৬/২০১৯	০১/০৭/২০১৬ হতে ৩০/০৬/২০২০	০১/০৭/২০১৬ হতে ৩০/০৬/২০২০	৭১%	৩৩%

৬. **অর্থায়নের উৎস**: জিওবি- ৯১৮.৭২ ও বাস্তবায়নকারী সংস্থার নিজস্ব তহবিল- ১৮৫.২৮ লক্ষ টাকা।

৭. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:**

প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন অনুযায়ী অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	ডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক)	রাজস্ব ব্যয় :						
১	ভ্রমন ব্যয়	LS	৬.৯৭	১০০%	৬.৯৭	১০০%	
২	অতিরিক্ত কাজের ভাতা	LS	৩.০০	১০০%	৩.০০	১০০%	
৩	ডাক ও তার	LS	০.৯০	১০০%	০.৫৭	৬৩%	
৪	টেলিফোন	LS	১.০০	১০০%	০.২৫	২৫%	
৫	বিদ্যুৎ	LS	১.০০	১০০%	১.০০	১০০%	
৬	পেট্রোল, লুব্রিকেন্ট ও ডিজেল	LS	৭.৫০	১০০%	৫.৫৬	৭৪%	

ক্রঃ নং	অংগের নাম	ডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		মন্তব্য
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	
১	২	৩	৪	৫	৬	৭	৮
৭	ইন্সুরেন্স/ব্যাংক চার্জ	LS	১.০০	১০০%	০.৮৩	৮৩%	
৮	মুদ্রণ ও প্রকাশনা	LS	৩.০০	১০০%	৩.০০	১০০%	
৯	স্টেশনারী, সিল ও স্ট্যাম্প	LS	৩.০০	১০০%	৩.০০	১০০%	
১০	প্রকাশনা ও বিজ্ঞাপন	LS	১২.০০	১০০%	৫.৬৪	৪৭%	
১১	প্রশিক্ষণ ব্যয়	সংখ্যা (২৭৭৫)	৪২০.০৫	১০০%	৩৫৭.৮২	৮৫%	
১২	সেমিনার ওয়ার্কশপ	LS	৫.০০	১০০%	১.০০	২০%	
১৩	আপ্যায়ন	LS	৩.০০	১০০%	১.০২	৩৪%	
১৪	আউট সোর্সিং জনবল	সংখ্যা (৩ জন)	২১.০০	১০০%	১৫.৭২	৭৫%	
১৫	পরিস্কার/পরিচ্ছন্ন	সংখ্যা (১ জন)	২.১৬	১০০%	২.১৬	১০০%	
১৬	আইন খরচ	পরিমাণ	২.৫০	১০০%	--	--	
১৭	সার্ভে	LS	১০.০০	১০০%	৮.৯৭	৮০%	
১৮	মূল্যায়ন	LS	৮.০০	১০০%	৬.৭৫	৮৪%	
১৯	ফটোকপি	LS	১.০০	১০০%	১.০০	১০০%	
২০	কমিটি মিটিং	LS	৪.৫০	১০০%	৪.০৬	৯০%	
২১	ফ্রি স্যাম্পল	LS	৪.০০	১০০%	৪.০০	১০০%	
২২	অন্যান্য	LS	০.৭৬	১০০%	০.৬২	৮২%	
২৩	মটরযান	LS	২.৫০	১০০%	১.৫৭	৬৩%	
২৪	মেরামত ও সংস্কার						
	i) বিদ্যমান প্রশিক্ষণ কেন্দ্র সংস্কার	LS	৫.০০	১০০%	৪.৯৫	৯৯%	
	ii) কম্পিউটার ও যন্ত্রপাতি	LS	১.০০	১০০%	১.০০	১০০%	
(ক) উপ-মোট রাজস্ব			৫২৯.৮৪	১০০%	৪৪০.৪৬	৮৩%	

(খ) মূলধন							
১	ডাবল কেবিন পিক-আপ	সংখ্যা (১টি)	৫৩.৫৩	১০০%	৫২.৫২	৯৮%	
২	মটর সাইকেল	সংখ্যা (৫টি)	৮.৭৫	১০০%	৮.৭৫	১০০%	
৩	বাই সাইকেল	সংখ্যা (১টি)	০.১০	১০০%	০.১০	১০০%	
৪	পিটলুম ও যন্ত্রাংশ	সংখ্যা (১৫টি)	২০.০০	১০০%	১৯.৯৫	১০০%	
৫	সুইং মেশিণ	সংখ্যা (৫টি)	৩.০০	১০০%	৩.০০	১০০%	
৬	অভারলক মেশিন	সংখ্যা (১টি)	১.০০	১০০%	১.০০	১০০%	
৭	সোলার প্যানেল	সংখ্যা (১ সেট)	৫.০০	১০০%	৫.০০	১০০%	
৮	ডেক্সটপ কম্পিউটার, প্রিন্টার্স ও ইউপিএস	সংখ্যা (১ সেট)	০.৮০	১০০%	০.৬০	৭৫%	
৯	ডেক্সটপ কম্পিউটার, কালার প্রিন্টার্স ও ইউপিএস	সংখ্যা (১ সেট)	১.৬০	১০০%	১.৬০	১০০%	
১০	ল্যাপটপ কম্পিউটার	সংখ্যা (১টি)	০.৮০	১০০%	০.৮০	১০০%	
১১	ফটোকপিয়ার মেশিন	সংখ্যা (১টি)	১.৫০	১০০%	১.৩৫	৯০%	
১২	ফ্যাক্স মেশিন	সংখ্যা (১টি)	০.৫০	১০০%	০.৫০	১০০%	
১৩	ল্যান্ডফোন	সংখ্যা (২টি)	০.২০	১০০%	০.২০	১০০%	
১৪	স্ক্যানার	সংখ্যা (১টি)	০.৩০	১০০%	০.৩০	১০০%	
১৫	স্ট্যান্ডফ্যান	সংখ্যা (৫টি)	০.৪০	১০০%	০.৪০	১০০%	
১৬	সিলিং ফ্যান	সংখ্যা (২০টি)	০.৭০	১০০%	০.৭০	১০০%	
১৭	আইপিএস	সংখ্যা (১ সেট)	১.০০	১০০%	১.০০	১০০%	
১৮	মাল্টিমিডিয়া প্রজেক্টর ও স্ক্রীন	সংখ্যা (১ সেট)	১.৫০	১০০%	১.৫০	১০০%	
১৯	ইন্টারএ্যাকটিভ হোয়াইট বোর্ড	সংখ্যা (১টি)	১.১০	--	--	--	
২০	আসবাবপত্র	লট	৮.০০	১০০%	৮.০০	১০০%	
২১	প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (দ্বিতল ভবন)	পরিমান (১৭৪.৩ ব: মি:)	৭০.০০	১০০%	৬২.৪৫	৮৯%	
২২	ঋণ তহবিল (জিওবি)	পরিমান	১০০.০০	১০০%	১০০.০০	১০০%	

২৩	আবর্তক তহবিল থেকে উৎপাদন খরচ	পরিমান	১০০.০০	--	--	--	
২৪	প্রকল্পের নিজস্ব ঋণ তহবিল	পরিমান	১৮৫.২৮	১০০%	৭৮.০০	৪২%	
(খ) উপ-মোট মূলধন			৫৬৫.০৬	১০০%	৩৪৭.৭২	৬২%	
সর্বমোট: রাজস্ব + মূলধন (ক+খ)			১০৯৪.৯০	১০০%	৭৮৮.১৮	৭২%	
ফিজিক্যাল কন্টিজেন্সি (১% মোট জিওবি ব্যয়)			৯.১০	--	--	--	
মোট প্রজেক্ট ব্যয়			১১০৪.০০		৭৮৮.১৮	৭১%	

সূত্র:পিসিআর ও প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী

৮. **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ**: প্রকল্পের লক্ষ্যমাত্রায় আর্থ সামাজিক উন্নয়নে ২০২০ সালের মধ্যে রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা ও নিলফামারী জেলায় মোট ১২০টি প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে ২৭৭৫ জন তাঁতিকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা ছিল। কিন্তু, মার্চ/২০২০খ্রি. হতে কোভিড-১৯ এর প্রাদুর্ভাবজনিত কারণে রংপুর ও কুড়িগ্রাম জেলায় প্রকল্পের অধীনে ৮টি প্রশিক্ষণ (২মাস ব্যাপি) কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। ফলে ২৭৭৫ জনের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৬২৫ জনের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়েছে।

৯. **সাধারণ পর্যবেক্ষণ**:

৯.১ **প্রকল্পের পটভূমি**: শতরঞ্চি একটি আরবী শব্দ । শতরঞ্চি বিভিন্ন ধরনের হয়ে থাকে । এর মধ্যে কোনটি পাট দিয়ে তৈরী আবার কোনটি মকমল ও কটন দিয়ে তৈরী । রংপুর এলাকায় শতরঞ্চির ঐতিহ্য ও ঐতিহাসিক পটভূমি রয়েছে । শতরঞ্চি কুটির শিল্প হিসেবে ব্যাপক পরিচিত । মোঘল আমলে শতরঞ্চি তাঁতিরা গারো এলাকা হতে কটন সুতা সংগ্রহ করতো । তাঁতিরা কৃষি পণ্য হিসেবে নীল চাষ করে কটন সুতায় রং করতো । সেই সুতায় তৈরী শতরঞ্চি রাজদরবারে ব্যবহৃত হতো । শতরঞ্চি পণ্য প্রাসাদে বসার জন্য ভালো উপকরণ ছিল । বৃটিশ আমলে রংপুরে মি. নিশবেত নামে একজন জেলা কালেক্টরেট ছিলেন । তিনি শতরঞ্চি পণ্য তৈরীতে সর্বোচ্চ উৎসাহ দিয়েছেন । এজন্য শতরঞ্চি তাঁতিরা তাকে খুব ভালবাসতেন এবং তার নামানুসারে শতরঞ্চি পাড়ার নামকরণ করা হয় নিশবেতগঞ্জ । ১৯৭৬ সালে মাননীয় রাষ্ট্রপতির বিশেষ অর্থায়নে বিসিক কর্তৃক শতরঞ্চির উন্নয়নে প্রথম উদ্যোগ গ্রহণ করা হয় । ফলে বিসিকের নকশা কেন্দ্র ট্যাপেষ্ট্রি প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করে । ১৯৮৩ সালে বিসিক DRI নামে একটি প্রকল্প গ্রহণ করে । বিসিকের DRI ও নকশা কেন্দ্র শতরঞ্চির উন্নয়নে বিভিন্ন সহযোগিতা প্রদান করে । ফলে শতরঞ্চি পণ্য রংপুর জেলায় ব্যাপক সমাদৃত হয় । DRI প্রকল্প বন্ধ হয়ে যাওয়ার পর বিএনপি-জামাত সরকারের আমলে তৎকালীন বিরোধী দলীয় নেত্রী (বর্তমান প্রধানমন্ত্রী) জননেত্রী শেখ হাসিনা রংপুরে এক সভায় বলেন শতরঞ্চি তাঁতিরা মহান মুক্তিযুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন । তার দল সরকার গঠন করলে শতরঞ্চি তাঁতিদের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা করবেন । সে মোতাবেক পরবর্তী সময়ে ক্ষমতায় এসে ১২/০৪/২০০৯খ্রি. তারিখে শিল্প মন্ত্রণালয়ের একটি সভায় রংপুরের শতরঞ্চি তাঁতিদের উন্নয়নের লক্ষ্যে একটি প্রকল্প গ্রহণের নির্দেশ দেন । একটি উচ্চ পর্যায়ের টিম প্রকল্প এলাকা নিশবেতগঞ্জ ও রাধাকৃষ্ণপুর পরিদর্শন করে শিল্প মন্ত্রণালয়ে ও পরিকল্পনা মন্ত্রণালয়ে রির্পোট প্রেরণ করেন । অতপর: প্রথম পর্যায়ে ৩৮৭.৩০ লক্ষ টাকা ব্যয়ে ৩ বছরের জন্য ডিপিপি অনুমোদিত হয় । প্রথম পর্যায়ে সফলভাবে সমাপ্ত হলে ২য় পর্যায়ে প্রকল্প গ্রহণের প্রস্তাব পাঠানো হলে ১১০৪.০০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয় । এর মধ্যে প্রথম পর্যায়ের ঋণের তহবিল ১৮৫.২৮ লক্ষ টাকা আবর্তক তহবিল হিসেবে যুক্ত হয় । প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম রংপুর জেলাসহ নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলায় বিস্তৃত হয় ।

৯.২ **প্রকল্পের উদ্দেশ্য :**

- আর্থ সামাজিক উন্নয়নে ২০২০ সালের মধ্যে ২৭৭৫ জন তাঁতিকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ;
- দক্ষ তাঁতিদের মাঝে ২৮৫.২৮ লক্ষ টাকা ঋণ সুবিধা প্রদান ;
- ট্রেনিং সুবিধা প্রদানের নিমিত্ত ১টি স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা ;

- ৭০০টি শতরঞ্চি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে ২৫০০ জনের কর্মসংস্থান সৃষ্টি করা ।

৯.৩ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম**: প্রশিক্ষণ প্রদান ও তাঁতিদের ঋণ বিতরণ ।

৯.৪ **প্রকল্পের অনুমোদন অবস্থা:**

বিবরণ	অনুমোদনের তারিখ	অনুমোদনকারী কর্তৃপক্ষ
মূল	১৫/১১/২০১৬	পরিকল্পনা কমিশন শিল্প ও শক্তি বিভাগ
১ম সংশোধন	০৪/০৭/২০১৯	পরিকল্পনা-৪ শাখা শিল্পমন্ত্রণালয়

৯.৫ **প্রকল্প ১ম সংশোধনের কারণ ও যৌক্তিকতা** : প্রকল্পটির মেয়াদ ০১/০৭/২০১৬ হতে ৩০/০৬/২০১৯ (৩ বছর) নির্ধারিত ছিল। কিন্তু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পের মেয়াদ শুরুর ৫মাস পর ১৫/১১/২০১৬খ্রি. অনুমোদিত হয় । এছাড়া প্রকল্পের মেয়াদ শুরুর ৯ মাস পর প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয় । প্রকৃতপক্ষে প্রকল্পের মেয়াদের ১ম বছর প্রকল্পের কোন কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

৯.৬ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য**:

ক্রঃ নং	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
৫.	মো: খায়রুল আলম আলমাজী, উপ-মহাব্যবস্থাপক (ভা:)	হ্যা	--	না	০৮/০৩/২০১৭	০৯/০৯/২০১৯ (অবসর জনিত)
৬.	আ. ফ. ম. জালাল উদ্দীন, উপ-মহাব্যবস্থাপক (ভা:)	হ্যা	--	না	৩০/১০/২০১৯	৩০/০৮/২০২০ (মৃত্যু জনিত)
৭.	মো: এহেছানুল হক, উপ-ব্যবস্থাপক	--	হ্যা	না	১৪/১০/২০২০	অদ্যাবধি অতিরিক্ত দায়িত্ব পালন

প্রকল্প পরিচালক আ. ফ. ম. জালাল উদ্দীন এর মৃত্যুর পর প্রকল্পের সমাপ্ত প্রতিবেদন প্রস্তুতের নিমিত্ত মো: এহেছানুল হক, উপ-ব্যবস্থাপক, বিসিককে প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়।

৯.৭ **বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়::**

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি	সংশোধিত ডিপিপি	সংশোধিত এডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয়	সমর্পনকৃত অর্থের পরিমাণ
২০১৬-২০১৭	৪৯৪.০৬	৪৯৪.০৬	১০.০০	১০.০০	১০.০০	--
২০১৭-২০১৮	২৯৭.৫৩	২৯৭.৫৩	৩৩৯.০০	৩০৫.৯০	৩০৪.০৮	১১.৯১
২০১৮-২০১৯	৩১২.৪১	৩১২.৪১	২৭৪.০০	২৫৪.০০	২৫৪.০০	১৫.৫৫
২০১৯-২০২০	--	--	২৫৭.০০	২৩৭.০০	২২০.১০	৫৭.৫০
মোট	১১০৪.০০	১১০৪.০০	৮৮০.০০	৮০৬.৯০	৭৮৮.১৮	৮৪.৯৬

৯.৮ **প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন:** মোট প্যাকেজ সংখ্যা ০৬টি তন্মধ্যে পণ্য প্যাকেজ ০৫টি । কার্যের প্যাকেজ ০১টি । অনুমোদিত ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের আওতায় ক্রয়কৃত বিভিন্ন ব্রডকাস্টিং, ইকুইপমেন্ট, অফিস যন্ত্রপাতি, মেশিনারীজ ও অন্যান্য যন্ত্রপাতির তালিকা পরিশিষ্ট 'ক' তে দেওয়া হলো ।

১০. **অডিট সংক্রান্ত তথ্য:** প্রকল্পের এ পর্যন্ত কোন অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি। নথি পর্যালোচনায় দেখা যায় যে, বর্তমান প্রকল্প পরিচালক গত ১৮-০৩-২০২১ খ্রিঃ তারিখে অডিট কার্যক্রম সম্পন্ন করার নিমিত্তে উপ-পরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, রাজশাহী বরাবর পত্র প্রেরণ করেছেন।

১১. **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	**উদ্দেশ্য অর্জন**
১। আর্থ সামাজিক উন্নয়নে ২০২০ সালের মধ্যে ২,৭৭৫ জন তাঁতিকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ।	১ । প্রকল্পের মাধ্যমে ৯০০ জনকে ব্যবস্থাপনা উন্নয়ন প্রশিক্ষণ, ৩১৫ জনকে কটন ও মকমল দ্বারা শতরঞ্চি তৈরীর প্রশিক্ষণ, ৩৪৫ জনকে পাট দ্বারা শতরঞ্চি তৈরী প্রশিক্ষণ, ৩৪৫ জনকে মকমল, কটন ও পাট দ্বারা শতরঞ্চি তৈরী প্রশিক্ষণ এবং রং ও নকশার উন্নয়নে ৭২০ জনকে প্রশিক্ষণ প্রদানসহ মোট ২৬২৫ জনকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
২ । প্রকল্পের নিজস্ব ঋণ তহবিল থেকে ১৮৫.২৮ লক্ষ টাকাসহ দক্ষ তাঁতিদের মাঝে ২৮৫.২৮ লক্ষ টাকা ঋণ সুবিধা প্রদান ।	২ । প্রকল্পের মাধ্যমে দক্ষ প্রশিক্ষণ প্রাপ্ত ৩৫৬ জনকে ১৭৮.০০ লক্ষ টাকার ঋণ সুবিধা প্রদান করা হয় যার মধ্যে ১০০.০০ লক্ষ টাকা জিওবি থেকে এবং ৭৮.০০ লক্ষ টাকা প্রকল্পের নিজস্ব ঋণ তহবিল হতে ব্যয় করা হয়।
৩ । ট্রেনিং সুবিধা প্রদানের নিমিত্ত ১টি স্থায়ী প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা ।	৩ । ৬২.৪৫ লক্ষ টাকা ব্যয়ে ১৭৪.৩ ব: মি: (দ্বিতল ভবন) প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র স্থাপন করা হয়েছে।
৪ । ৭০০টি শতরঞ্চি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে ২,৫০০ জনের	৪ । ৫১৫টি শতরঞ্চি শিল্প ইউনিট তৈরীর মাধ্যমে ১,৮৩০

পরিকল্পিত	উদ্দেশ্য অর্জন
কর্মসংস্থান সৃষ্টি করা ।	জনের কর্মসংস্থানের সৃষ্টি করা হয়েছে ।

১২. পরিদর্শনকালে গৃহীত কিছু স্থির চিত্র

চিত্র	চিত্র
	
চিত্রঃ শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।	**চিত্রঃ** শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।
	
চিত্রঃ শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।	**চিত্রঃ** শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।
	

চিত্রঃ শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।	**চিত্রঃ** শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।
	
চিত্রঃ শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।	**চিত্রঃ** শতরঞ্চি শিল্পের উন্নয়ন, রংপুর- ২য় পর্যায়, রংপুর ।

১৩. **সার্বিক পর্যবেক্ষণ:**

(ক) প্রকল্প বাস্তবায়ন মেয়াদে ৮৪.৯৬ লক্ষ টাকা সমর্পণ করা হয়েছে। সরকারী অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতে প্রকল্পের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) অনুযায়ী যে পরিমাণ টাকা ব্যয় করার প্রয়োজন হবে সে পরিমাণ টাকা ছাড় করা বাঞ্চনীয়;

(খ) প্রকল্পে ১৫টি পিটলুম ও যন্ত্রাংশ ক্রয় বাবদ ২০ লক্ষ টাকার প্রাক্কলন করা হয়। নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, প্রাক্কলিত ২০ লক্ষ টাকা আরএফকিউ পদ্ধতিতে ব্যয় করা হয়েছে। পিপিআর-২০০৮ অনুযায়ী এ ধরনের ক্রয় উন্মুক্ত দরপদ্ধতিতে হওয়া উচিত। উপরন্তু, ক্রয়ের ক্ষেত্রে আরএফকিউ পদ্ধতি যথাযথ অনুসরণ করা হয়নি। স্থানীয় শতরঞ্জি উদ্যোগতাদের সাথে আলাপ ও সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, প্রতিটি পিটলুম ও এর আনুষাঙ্গিক যন্ত্রপাতিসহ স্থাপনা ব্যয় সাকুল্যে ০.১২ লক্ষ টাকা। কিন্তু প্রতিটি পিটলুম ক্রয় করা হয়েছে ১.৩৩ লক্ষ টাকায় যা অতিরিক্ত বলে প্রতীয়মান হয়;

(গ) শতরঞ্জি তৈরির জন্য পিটলুম যন্ত্র ব্যবহার করা হয়ে থাকে। প্রতিটি পিটলুম যন্ত্রে মূলতঃ একটি কাঠের অবকাঠামোসহ বুননের কাজে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি সন্নিবেশিত থাকে। পরিদর্শনে দেখা যায় যে, ক্রয়কৃত ১৫টি পিটলুমের মধ্যে মাত্র ৬টি পিটলুম কাঠের অবকাঠামোসহ যন্ত্রপাতি সন্নিবেশিত এবং বুননের কাজে ব্যবহৃত হচ্ছে। বাকি ৯টি পিটলুমে কাঠের অবকাঠামো ছাড়া কোন যন্ত্রাংশ পাওয়া যায়নি। উপরন্তু, কাঠের অবকাঠামোও নিম্নমানের পরিলক্ষিত হয়;

(ঘ) প্রকল্পে ১ লক্ষ টাকা ব্যয়ে ১টি অভারলক (Overlock) মেশিন ক্রয় করা হয়েছে যা পরিদর্শনে অকেজো পাওয়া গেছে;

(ঙ) প্রকল্পের প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র হিসেবে ৬২.৪৫ কোটি টাকা ব্যয়ে ১৭৪.৩ বর্গমিটার বিশিষ্ট ১টি দ্বিতল ভবন নির্মাণ করা হয়েছে যা সন্তোষজনক প্রতীয়মান হয়। কিন্তু ভবনটিতে কোন প্রশিক্ষণ কার্যক্রম পরিলক্ষীত হয়নি;

(চ) প্রকল্পে ৮.৭৫ লক্ষ টাকা ব্যয়ে ৫টি মটরসাইকেল ক্রয় করা হয়েছে। ডিপিপি অনুযায়ী উন্মুক্ত দরপদ্ধতিতে ক্রয় করার বিধান থাকলেও তা আরএফকিউ পদ্ধতিতে ক্রয় করা হয়েছে যা বিধি সম্মত নয়। নথি পর্যালোচনায় দেখা যায় যে, ক্রয় কার্যে সর্বনিম্ন ৩টি কোটেশন গ্রহণ না করে সরাসরি উত্তরা মটরস লিমিটেডের কাছ হতে ক্রয় করা হয়। এক্ষেত্রে আরএফকিউ পদ্ধতিও সঠিকভাবে অনুসরণ করা হয়নি;

(ছ) পরিদর্শনে আরো দেখা যায় যে, প্রকল্পে ৮ লক্ষ টাকা ব্যয়ে যে আসবাবপত্র ক্রয় করা হয়েছে তা অব্যবহৃত ও পরিত্যাক্ত অবস্থায় একটি কক্ষে রাখা হয়েছে। এছাড়া ১.৫ লক্ষ টাকা ব্যয়ে ক্রয়কৃত ফটোকপিয়ার মেশিনটি দীর্ঘদিন অকেজো অবস্থায় রয়েছে বলে জানা যায়।

১৪. সুপারিশ/মতামত:

১৪.১ প্রকল্প বাস্তবায়ন মেয়াদে ৮৪.৯৬ লক্ষ টাকা সমর্পণ করা হয়েছে। সরকারী অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতে প্রকল্পের বার্ষিক ক্রয় কর্মপরিকল্পনা (এপিপি) অনুযায়ী যে পরিমাণ টাকা ব্যয় করার প্রয়োজন হবে সে পরিমাণ টাকা ছাড় করা বাঞ্চনীয়। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নে এ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচণা করতে হবে;

১৪.২ প্রকল্পে ১৫টি পিটলুম ও যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে পিপিআর অনুসরন না করার বিষয়টি এবং পিটলুমের প্রাক্কলিত দর স্থানীয় প্রকৃত দর হতে অতিরিক্ত হওয়ার বিষয়টি শিল্প মন্ত্রণালয় তদারকি করে আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে;

১৪.৩ পরিদর্শনে আরো দেখা যায় যে, ক্রয়কৃত ১৫টি পিটলুমের মধ্যে মাত্র ৬টি সচল রয়েছে। বাকিঁ পিটলুমের কোন যন্ত্রাংশ পাওয়া যায়নি। ১৫টি পিটলুম প্রয়োজনীয় যন্ত্রাংশসহ সচলপূর্বক শিল্প মন্ত্রণালয় আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে;

১৪.৪ প্রকল্পে ১ লক্ষ টাকা ব্যয়ে ১টি অভারলক মেশিন ক্রয় করা হয়েছে যা পরিদর্শনে অকেজো পাওয়া গেছে। অভারলক মেশিনটি সচলপূর্বক শিল্প মন্ত্রণালয় আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে;

১৪.৫ প্রকল্পের প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র হিসেবে ৬২.৪৫ কোটি টাকা ব্যয়ে ১৭৪.৩ বর্গমিটার বিশিষ্ট ১টি দ্বিতল ভবন নির্মাণ করা হয়েছে যা সন্তোষজনক প্রতীয়মান হয়। কিন্তু ভবনটিতে কোন প্রশিক্ষণ কার্যক্রম পরিলক্ষীত হয়নি। ভবনের রক্ষণাবেক্ষণ ও ভবনটিতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করে তার প্রতিবেদন শিল্প মন্ত্রণালয় আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করবে;

১৪.৬ প্রকল্পের ক্রয়কৃত ৮ লক্ষ টাকার আসবাবপত্রের ব্যবহার এবং ১.৫ লক্ষ টাকার ফটোকপিয়ার মেশিন সচলপুর্বক আইএমইডিকে ১৫ (পনের) দিনের মধ্যে শিল্প মন্ত্রণালয় অবহিত করবে;

১৪.৭ এ পর্যন্ত অডিট কার্যক্রম না হওয়ার বিষয়টি ব্যাখ্যাসহ আগামী ১ (এক) মাসের মধ্যে অডিট কার্যক্রম সম্পন্ন পূর্বক আইএমইডিকে অবহিত করার জন্য শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.৮ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের যে উদ্যোগ গ্রহণ করা হয়েছিল তা অব্যাহত রাখতে রিফ্রেশার্স প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; এবং

১৪.৯ প্রশিক্ষণ কেন্দ্র রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা ও প্রকল্পের অধীনে বিতরণকৃত ঋণের কিস্তি আদায়ের কার্যক্রম করতে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আইএমইডিকে অবহিত করবে।

১৫. বর্ণিত সুপারিশ ও পর্যবেক্ষণের আলোকে গৃহীত ব্যবস্থা আইএমই বিভাগ-কে ১ (এক) মাসের মধ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

পরিশিষ্ট: ক

৯.১০। **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ**

ক) পণ্য প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক/ সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
জিডি-১	মটরযান							
I.	ডাবলকেবিন পিক-আপ	০১টি	ওটিএম ০১/০১/১৭	৫৩.৫৩	ওটিএম ০৮/০৮/১৭	৫২.৫২ ২৯/০৩/১৮		২৭/০৬/১৮
II.	মটর সাইকেল	০৫টি	ওটিএম ০১/০১/১৭	৮.৭৫	আরএফকিউ	৮.৭৫ ০৬/০৭/১৭ ১৭/০১/১৮ ১৮/০২/১৮		১৯/০৭/১৭ ২৫/০১/১৮ ০৪/০৩/১৮
III.	বাই সাইকেল	০১টি	ওটিএম ০১/০১/১৭	০.১০	আরএফকিউ	০.১০ ০৭/১২/১৭		২৪/১২/১৭
জিডি-২	যন্ত্রপাতি ও অন্যান্য							
I.	পিটলুম ও যন্ত্রাংশ	১৫টি ড্রাম ০৫টি	ওটিএম ০১/০১/১৭	২০.০০	আরএফকিউ	১৯.৯৫ ১৫/০২/১৮		০৫/০৪/১৮
II.	সুইং মেশিন	০৫টি	ওটিএম ০১/০১/১৭	৩.০০	ওটিএম	৩.০০ ২৪/১২/১৭		২২/০১/১৮
III.	অভারলক মেশিন	০১টি	ওটিএম ০১/০১/২০১৭	১.০০	ওটিএম	১.০০ ২৪/১২/১৭		২২/০১/১৮
	সোলার প্যানেল	১সেট	ওটিএম ০১/০১/১৭	৫.০০	ওটিএম	৫.০০ ২৪/১২/১৭		৩১/১২/১৭
জিডি-৩	কম্পিউটার ও যন্ত্রপাতি							
IV.	ডেস্কটপ কম্পিউটার, প্রিন্টার ও ইউপিএস	১ সেট	আরএফকিউ ০১/০১/১৭	০.৮০	আরএফকিউ	০.৬০ ২২/০৬/১৭		২৯/০৬/১৭
V.	ডেস্কটপ কম্পিউটার,	১ সেট	আরএফকিউ ০১/০১/১৭	১.৬০	আরএফকিউ	১.৬০ ২৪/১২/১৭		৩১/১২/১৭

	রঙ্গিন প্রিন্টার ও ইউপিএস							
VI.	ল্যাপটপ কম্পিউটার	১টি	আরএফকিউ ০১/০১/১৭	০.৮০	আরএফকিউ	০.৮০ ২২/০৬/১৭		২৯/০৬/১৭
জিডি-৪	অফিস সরঞ্জাম							
I.	ফটোকপিয়ার	০১টি	ওটিএম ০১/০১/১৭	১.৫০	ওটিএম	১.৩৫ ২২/০৬/১৭		২৯/০৬/১৭
II.	ফ্যাক্স মেশিন	০১টি	ওটিএম ০১/০১/১৭	০.৫০	ওটিএম	০.৫০ ২১/০৬/১৮		২৭/০৬/১৮

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক / সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
III.	ল্যান্ডফোন	০২টি	ওটিএম ০১/০১/২০১৭	০.২০	ওটিএম	০.২০ ২১/০৬/১৮		২৭/০৬/১৮
IV.	স্ক্যানার	০১টি	ওটিএম ০১/০১/২০১৭	০.৩০	ওটিএম	০.৩০ ২৪/১২/১৭		৩১/১২/১৭
V.	স্ট্যান্ড ফ্যান	০৫টি	ওটিএম ০১/০১/২০১৭	০.৪০	ওটিএম	০.৪০ ২১/০৬/১৮		২৭/০৬/১৮
VI.	সিলিং ফ্যান	২০টি	ওটিএম ০১/০১/২০১৭	০.৭০	ওটিএম	০.৭০ ২১/০৬/১৮		২৭/০৬/১৮
VII.	আইপিএস	০১ সেট	০১/০১/২০১৭	১.০০	ওটিএম	১.০০ ২০/০৬/১৮		২৭/০৬/১৮
VIII.	মাল্টিমিডিয়া স্ক্রীনসহ	০১ সেট	ওটিএম ০১/০১/২০১৭	১.৫০	ওটিএম	১.৫০ ২২/০৬/১৭		২৯/০৬/১৭
জিডি-৫	আসবাবপত্র							
	অফিস আসবাবপত্র	লট	ওটিএম ০১/০৭/২০১৭	৮.০০		৮.০০ ২১/০৬/১৮ ১৪/০৬/২০		২৭/০৬/১৮ ২১/০৬/২০

খ) কাজের প্যাকেজ বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি:

প্যাকেজ নং	ক্রয় বিবরণী	একক/ সংখ্যা	ডিপিপি অনুযায়ী		বাস্তবে			
			দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	দরপত্রের প্রাক্কলিত ব্যয় ও চুক্তির তারিখ	দরপত্র আহ্বানের পদ্ধতি ও তারিখ	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ	
							চুক্তি অনুযায়ী	প্রকৃত
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯
ডাব্লিউডি-১	প্রশিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (দ্বিতল ভবন)	০১টি ১৭৪.৩ বর্গ: মি:	ওটিএম ১০/০১/১৭	৭০.০০	ওটিএম	৬২.৪৫ ২৬/০৬/১৯	৩০/০৬/২০	২৯/১২/১৯ ১৯/১১/২০

বিসিকের ৪টি নৈপুণ্য বিকাশ কেন্দ্রের পুন:নির্মাণ ও আধুনিকায়ন (সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৯)

০১. প্রকল্পের নাম : বিসিকের ৪টি নৈপুণ্য বিকাশ কেন্দ্রের পুন:নির্মাণ ও আধুনিকায়ন প্রকল্প (সংশোধিত)।

০২. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়

০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করর্পোরেশন (বিসিক)

০৪. অর্থায়নের উৎস : জিওবি

০৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপির চেয়ে %)	অতিক্রান্ত সময় (মূল ডিডিপির চেয়ে %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০০০.০০	২৪৯৩.০০	২৪৬৪.৫৪	জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭	জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯	জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯	২৪.৬৫%	৫০%

০৬. প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
ঢাকা	কুমিল্লা, নরসিংদী, গোপালগঞ্জ	উপজেলা সদর	কুমিল্লা, নরসিংদী, গোপালগঞ্জ	-
রাজশাহী	পাবনা	উপজেলা সদর	পাবনা	-

০৭. বছরভিত্তিক বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি **(%)**	আরডিপিপি **(%)**	আরএডিপি বরাদ্দ **(%)**	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয় **(%)**	সমর্পনকৃত অর্থের পরিমাণ **(%)**
২০১৫১৬	৬৮.৮৫ (৩৪.৪৪%)	৯৮.০০ (৩.৯৩%)	৬৯.০০ (২৭.৬৪%)	৩৪৪.৪২৫	৯৮.৮৫	২৪৫.৫৭ (৭১%)
২০১৬১৭	১১৫১.২৮ (৫৭.৫৬%)	৬১.০১ (২.৬৯%)	১৮৪.০০ (৭.৩৮%)	১৮৪.০০	৬৬১৬	১১৭.৮৩ (৬৪%)
২০১৭-১৮	১৫৯.৮৭ (৮.০০%)	১২৪.১৩ (৪.৯৮%)	৭৫০.০০ (৩০.০৮%)	১০০.০০	৫১.১৩	৪৮.৮৭ (৪৮.৮৭%)
২০১৮১৯	--	৭২১.০০ (২৮.৯২%)	৮০০.০০ (৩২.০৯%)	৮০০.০০	৭৯৪.০১	৫.৯৯ ০.৭৫%)

অর্থবছর	মূল ডিপিপি (%)	আরডিপিপি (%)	আরএডিপি বরাদ্দ (%)	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয় (%)	সমর্পনকৃত অর্থের পরিমাণ (%)
২০১৯-২০ (জুলাই-ডিসেম্বর)	--	১৪৮২.৮৬ (৫৯.৪৮%)	১৪৭৭.০০ (৫৯.২৪%)	১৪৭৭.০০	১৪৫৮.৭৮	২২.৬৯ (১.৫৩%)
মোটঃ	২০০০.০০	২৪৯৩.০০	৩৯০০.০০	২৯০৫.৪২৫	২৪৬৪.৫৪	৪৪০.৮৭ (১৫.১৭%)

বর্ণিত তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৫-২-১৬ হতে ২০১৭-২০১৮ অর্থবছর পর্যন্ত ছাড়কৃত অর্থের মধ্যে প্রায় ৫০% সর্মপণ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা থাকা প্রয়োজন।

০৮. **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:** প্রাপ্ত পিসিআর অনুযায়ী অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি নির্ধারিত ছকে সংযুক্তি 'খ'-তে বর্ণিত।

০৯. **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- অনাবাসিক ভবন নির্মাণ;
- পাম্প হাউজ নির্মাণ;
- ফার্ণিচার সংগ্রহ।
- যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম;
- যন্ত্রপাতি সংশ্লিষ্ট অন্যান্য; এবং

১০. **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে-

- ডিপিপি/আরডিপিপি/আন্ত:খাত ব্যয় সমন্বয় পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- প্রকল্প পরিচালকের নিকট সংরক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনা; এবং
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই, তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন ও প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা।

১১. **প্রকল্পের পটভূমি:**

স্কুল ও কলেজ ড্রপ-আউটদের আয়বর্ধক কর্মকান্ডের মাধ্যমে আয় ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সর্বপ্রথম ১৯৬১ সালে রুরাল ইন্ডাষ্ট্রিজ সার্ভিসেস (আরআইএস) নামে ৩বছর মেয়াদে কয়েকটি জেলায় কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে ১৯৮০-১৯৮৫ মেয়াদে নতুনভাবে কয়েকটি কেন্দ্র খোলা হয়। এ প্রেক্ষিতে মোট ১৫টি কেন্দ্রে বর্তমান প্রশিক্ষণ চালু ছিল। তবে দীর্ঘ সময় ব্যবহারের প্রেক্ষিতে প্রশিক্ষণ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ নষ্ট হয়েছে। তাছাড়া প্রযুক্তির উন্নতির ফলে প্রশিক্ষণের বিষয়বস্তু সময়ের সাথে সাথে আধুনিক করার প্রয়োজনীয়তা দেখা দেয়। বর্ণিত প্রেক্ষাপটে গোপালগঞ্জ, পাবনা, নরসিংদী ও কুমিল্লা জেলায় "বিসিকের ৪টি নৈপুণ্য বিকাশ কেন্দ্রের পুন:নির্মাণ ও আধুনিকায়ন"-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়।

১২. **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:**

(লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
মূল অনুমোদন	মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২১-০৫-২০১৫ তারিখে অনুমোদিত হয়।	জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৭	২০০০.০০
১ম সংশোধন	মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ৩০-০৫-২০১৮ তারিখে অনুমোদিত হয়।	জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯	২৪৬৪.৫৪
আন্ত:খাত ব্যয় সমন্বয়	শিল্প মন্ত্রণালয় কর্তৃক ০৩-১২-২০১৯ তারিখে পত্র জারি করা হয়	জানুয়ারি ২০১৫ হতে ডিসেম্বর ২০১৯	২৪৬৪.৫৪

১৩. প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে):

- কুমিল্লা, পাবনা ও নরসিংদীতে বিসিকের নিজস্ব জায়গার উপর ০৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ০৩ তলা প্রশিক্ষণ ও ০৩ তলা ডরমিটরি ভবন নির্মাণ;
- গোপালগঞ্জে বিসিকের নিজস্ব জায়গায় বিদ্যমান দ্বিতল নৈপুণ্য বিকাশ কেন্দ্র ভবনের ০১তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ;
- উল্লিখিত ০৪টি নৈপুণ্য বিকাশ কেন্দ্রে ১০টি কারিগরি ট্রেডের উপর প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদি স্থাপন; এবং
- স্বল্প ও অর্ধশিক্ষিত পুরুষ-মহিলাদের কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মমূখি করে গড়ে তোলা।

১৪. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

ক্রংনং	কাজের নাম	পরিমান
০১.	কুমিল্লা, পাবনা ও নরসিংদীতে বিসিকের নিজস্ব জায়গার উপর ০৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৩তলা প্রশিক্ষণ ভবন এবং ০৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৩তলা ডরমিটরি ভবন নির্মাণ করা।	৮২৮০ বর্গমিটার
০২.	গোপালগঞ্জে বিসিকের নিজস্ব জায়গায় বিদ্যমান দ্বিতল নৈপুণ্য বিকাশ কেন্দ্র ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ হিসেবে ০১টি ফ্লোর অর্থাৎ ৩য় তলা ডরমিটরি হিসেবে নির্মাণ করা।	৬০০ বর্গমিটার
০৩.	উল্লিখিত ০৪টি নৈপুণ্য বিকাশ কেন্দ্রে ১০টি কারিগরি ট্রেডের উপর প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদি স্থাপন করা।	০১টি লট (৪ভাগে বিভক্ত করে ৪টি কেন্দ্রে পৌঁছানো।)

১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালক এর নাম	পদবী ও মূল দপ্তর	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
সত্যেন্দ্রনাথ পাল	প্রধান প্রকৌশলী (ভাঃ), বিসিক	জুলাই ২০১৫ হতে ২৩/০১/২০১৭	অতিরিক্ত	না	-
মোঃ হায়দার আলী	উপ-ব্যবস্থাপক, বিসিক	০৮/০৩/২০১৭ হতে ৩১/১২/২০১৯	অতিরিক্ত	না	-

১৬. প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন: আরডিপিপি'তে মোট প্যাকেজের সংখ্যা ২১টি। তম্মধ্যে প্রধান হলো ০৪টি। ক্রয় সংক্রান্ত তথ্যাদি সংযুক্তি 'গ'-তে বর্ণিত।

১৭. প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের আরডিপিপি'তে কোন জনবলের সংস্থান ছিল না। বিসিক এর নিজস্ব জনবল দ্বারা প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। বিসিক এর প্রধান প্রকৌশলী এবং ১জন উপ-ব্যবস্থাপক পর্যায়ক্রমে 'প্রকল্প পরিচালক' হিসেবে দায়িত্ব পালন করেন।

১৮. যানবাহন:

প্রকল্পের অনুকূলে কোনো যানবাহন ক্রয় করা হয়নি। আরডিপিপি'র সংস্থান অনুযায়ী মাসিক ভাড়ায় গাড়ি ব্যবহার করা হয়েছে।

১৯. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ক্র:নং	কাজের নাম	পরিমান (আরডিপিপি অনুযায়ী)	অর্জন
১.	অনাবাসিক ভবন নির্মাণ	৮২৮০ ব: মি:	৮২৮০ ব: মি:
২.	বিদ্যমান ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (০১টি ফ্লোর)	১৭৬৬ ঘ: মি:	১৭৬৬ ঘ: মি:
৩.	০৪ টি কেন্দ্রের ১০টি কারিগরি ট্রেডের উপর প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ	১টি লট	০১টি লট (৪টি কেন্দ্রে সরবরাহ ও স্থাপন করা হয়েছে)

২০. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ: প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

২১. অডিট সংক্রান্ত :

অডিটের সন	আপত্তির শিরোনাম ও টাকার পরিমান	গ্রহীত ব্যবস্থাদি
২০১৫-১৬, ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ (প্রকল্পের ব্যয়িত অর্থের অডিট একই সময়ে সম্পন্ন হয়েছে)	**শিরোনাম-১:** ঠিকাদারের বিল হতে নিরাপত্তা জামানত কর্তনের লক্ষ্যে রক্ষণযোগ্য অর্থ বাবদ কোন প্রকার অর্থ কর্তনের শর্ত না রেখে ইজিপিতে দরপত্র আহ্বান করে সরকারি অর্থ অনিয়মিতভাবে ব্যয় ৫৫৩,৩২,৮৩৮ টাকা। **শিরোনাম-২:** কার্যাদেশ প্রদানের পর ঠিকাদার কর্তৃক কোন প্রকার ইন্সুরেন্স কভারেজ দাখিল ব্যতীত বিল প্রদান করায় প্রতিষ্ঠানের ঝুঁকিপূর্ণ ব্যয় ১৬,৬৩,৭১,৯৮৮.৯১ টাকা। **শিরোনাম-৩:** ক্রয়কৃত মালামাল হিসাবভুক্তকরণ করার নিমিত্ত স্টক রেজিস্টার সংরক্ষণ না করা ।	প্রকল্প থেকে আপত্তি ৩টির নিস্পত্তিমূলক জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

২২. প্রকল্প পরিদর্শনঃ

আইএমইডি'র সহকারী পরিচালক (সি: সহ: সচিব) মো: বশীর আহাম্মেদ কর্তৃক প্রকল্পের কার্যক্রম পাবনা ১২-০৩-২০২২ ও গোপালগঞ্জ ০১-০৪-২০২২ তারিখ বিসিকের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শন কাজে সার্বিক সহায়তা প্রদান করেন।

২২.১ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ, পাবনা:

(ক) পাবনা বিসিকের নিজস্ব জায়গার উপর ০৬তলা ফাউন্ডেশন বিশিষ্ট ০৩তলা প্রশিক্ষণ ও ডরমিটরি ভবনের নির্মাণ কাজ ইজিপি'তে সম্পন্ন হয়েছে। আরডিপিপি'তে অনাবাসিক ভবন নির্মাণ খাতে (কোড নং-৪১১১২০১) ১৭৪৩.৪৩ লক্ষ টাকার সংস্থান রয়েছে। তম্মধ্যে পাবনায় অনাবাসিক ভবন নির্মাণের জন্য ইঞ্জিনিয়ারিং প্রাক্কলিত মূল্য ছিল ৫,৬৬,০০৮৭৭.৭৯ টাকা। ইজিপি'তে নির্বাচিত ঠিকাদারের সাথে ৩০-০৯-২০১৮ তারিখে ৫,০৯,৪৪,৮৬০.৫৩৮ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। নির্মাণকালে BoQ এর (Tendering) অতিরিক্ত যেমন: সাইড উন্নয়ন, বালু ফিলিং, টিউবয়েল স্থাপনে বিভিন্ন ডায়ামিটারের পাইপ স্থাপন ইত্যাদির কাজ এবং Non-Tendering কাজের মধ্যে সীমানা প্রাচীর, গেইট, কতিপয় স্যানিটারিং সামগ্রী স্থাপনের লক্ষ্যে অতিরিক্ত কাজের জন্য PWD রেইট সিডিউল-২০১৮ অনুযায়ী মূল চুক্তি মূল্যের ১২.২৮% বৃদ্ধিতে ০১-১২-২০১৯ তারিখে ৬২,৫৪,২৯৯.৫১ টাকার ভেরিয়েশন আদেশ জারি করা হয়। এতে করে এ ভবনের নির্মাণ কাজের জন্য পুন:নির্ধারিত চুক্তিমূল্য হয় সর্বমোট ৫,৭১,৯৯,১৬০.০৫ টাকা। উল্লেখ্য এ ব্যয় আরডিপিপি'র সংশ্লিষ্ট কোডের সংস্থানের ম্যধ্যে সীমাবদ্ধ রয়েছে।

(খ) ভবনের বহিরাংশের দৈর্ঘ্য-প্রস্থ, কক্ষ, দৃশ্যমান কলাম-ভীম ড্রইয়িং-ডিজাইন এর সাথে মিলিয়ে সঠিক পাওয়া যায়। ডরমেটরীর গেইট ছাড়াও শারিরিক প্রতিবন্ধিদের চলাচলের জন্য আউট-সাইড থেকে রাম্প নির্মাণ করা হয়েছে। উক্ত রাম্পে ফাটল দেখা যায়। ডরমেটরী ও প্রশিক্ষণ ভবনের প্রোচে যাওয়ার কোন ব্যবস্থা না থাকায় বিভিন্ন ময়লা-

আবর্জনায় পড়ে প্রোচটি অপরিস্কার হচ্ছে। ডরমেটরী ভবনের ছাদে স্থাপিত প্লাষ্টিকের পানির ট্যাংকির সাথে পাইপের জয়েন্ট থেকে পানি পড়ে ছাদ নষ্ট হচ্ছে।

(গ) প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন কক্ষে বিভিন্ন কারিগরি ট্রেডের উপর প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদি (অটোমোবাইলস, ওয়ার্কসপ, কম্পিউটার ল্যাব, সেলাই মেশিন ইত্যাদি) স্থাপন করা হয়েছে। বিগত ২০২০-২০২১ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৮০ জন প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে ভর্তির বিপরীতে ৯৭ জন প্রশিক্ষণার্থী কোর্স সম্পন্ন করেছেন। প্রশিক্ষণ শেষে তারা দেশ-বিদেশে চাকুরি ও উদ্যোক্তা হিসেবে নিয়োজিত রয়েছেন। যেমন-মো: খায়রুল ইসলাম (০১৭২৭-৯৮৭৬১৯); মো: শিহাব হোসেন, (০১৭৯০-৪৮৯৫৯৭), সদর পাবনা, চাকুরীরত- বৈদ্যুতিক বিভাগ, স্কয়ার,পাবনা। তাছাড়া মো: সোলায়মান (০১৭৪৯-৫৭৪৮০১), মো: রাজিব হোসেন (০১৭৭৩-০২৫১৭৬) উদ্যোক্তা হিসেবে সার্ভিস সেন্টারের ব্যবসা পরিচালনা করছেন। কেন্দ্রের উপপরিচালক জানান যে, জেলা কর্মসংস্থান ব্যুরো, যুব উন্নয়নসহ বিভিন্ন সমসাময়িক প্রশিক্ষণ কেন্দ্র থেকে ফ্রি প্রশিক্ষণ প্রদান ছাড়াও বৃত্তি প্রদান করছে। ফলে প্রশিক্ষণার্থীরা বিসিকমূখী না হয়ে ঐ সকল কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণ করে। এ বিষয়টি সামঞ্জস্যপূর্ণ করা সম্ভব হলে-বিসিকের এ সকল নৈপুণ্য বিকাশ কেন্দ্র থেকে আরো বেকার যুবকদের প্রশিক্ষণ শেষে কর্মসংস্থান ও আয়বর্ধক কর্মকান্ড সৃষ্টিতে আরো বেশী ভূমিকা রাখতে সক্ষম হবে।

২২.২ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের উর্ধ্বমূখী সম্প্রসারণ, গোপালগঞ্জ:

(ক) গোপালগঞ্জ বিসিকের বিদ্যমান দ্বিতল নৈপুণ্য বিকাশ কেন্দ্র ভবনের ১তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ ইজিপি'তে সম্পন্ন হয়েছে। আরডিপিপি'তে অনাবাসিক ভবন নির্মাণ খাতে (কোড নং-৪১১১২০১) ১৭৪৩.৪৩ লক্ষ টাকার সংস্থান রয়েছে। তম্মধ্যে গোপালগঞ্জ বিসিকের বর্ণিত কাজটির জন্য ইঞ্জিনিয়ারিং প্রাক্কলন ছিল ৭৭,১৪,৭৭৯.১৭০ টাকা। ইজিপি'তে নির্বাচিত ঠিকাদারের সাথে ১২-০২-২০১৮ তারিখে ৬৯,৪৫,৬৮৮.০০ টাকায় চুক্তি স্বাক্ষরিত হয়। নির্মাণকালে BoQ এর (Tendering) অতিরিক্ত যেমন: বাউন্ডারি ওয়ালের উচ্চতা, নতুন প্লাস্টার অন্তর্ভূক্তকরণ এবং Non-Tendering কাজের মধ্যে ছাদে আরসিসি ওভারহেড পানির টাংক স্থাপনের কতিপয় কাজ, নীচতলার রাথরুম উন্নয়ন ইত্যাদি অতিরিক্ত কাজের জন্য PWD রেইট সিডিউল-২০১৮ অনুযায়ী মূল চুক্তি মূল্যের ৪.৮৮% বৃদ্ধিতে ১২-০২-২০১৮ তারিখে ৩,৩৯,০০১.১৫ টাকার ভেরিয়েশন আদেশ জারি করা হয়। এতে করে কাজটির পুন:নির্ধারিত চুক্তিমূল্য হয় সর্বমোট ৭২,৮৪,৬৮৯.১৫ টাকা, যা আরডিপি'র সংস্থানের ম্যধ্যে সীমাবদ্ধ রয়েছে।

(খ) প্রশিক্ষণ কেন্দ্রের ছাদের দৃশ্যমান কলাম, কক্ষের দৈর্ঘ্য-প্রস্থ, ড্রইয়িং-ডিজাইন এর সাথে মিলিয়ে সঠিক পাওয়া যায়। প্রশিক্ষণ কেন্দ্রে প্রবেশের জন্য হেরিনবান রাস্তা নির্মাণ, বিদ্যমান গেইট ও বাউন্ডারী ওয়াল উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হয়েছে। ছাদে পানির ট্যাংকি এবং ১৩০ ওয়াট ধারন ক্ষমতা সম্পন্ন ১৬টি প্লেটের সোলার প্যানেল, চিলে কোঠায় সোলার প্যানেলের ব্যাটারী ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রাংশ স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে সোলার প্যানেল নষ্ট অবস্থায় পাওয়া যায়। বিভিন্ন কারিগরি ট্রেডের উপর প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, ফ্যান, এসি ইত্যাদি স্থাপন করা হয়েছে, যা সচল রয়েছে। জেলা কার্যালয় থেকে এ প্রশিক্ষণ কেন্দ্রে ২টি কক্ষ ব্যবহার করছে। ইতোপূর্বেকার ও প্রকল্প থেকে প্রাপ্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি প্রশিক্ষণ কাজে ব্যবহার হচ্ছে। অবশিষ্ট প্রশিক্ষণ সামগ্রী ১টি কক্ষে স্তুপ আকারে রাখা হয়েছে।

(গ) এ প্রশিক্ষণ কেন্দ্রে বিগত ২০২০-২০২১ অর্থবছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫৬০ জন প্রশিক্ষণার্থী ১০টি কোর্সে ভর্তির বিপরীতে ৪৩৮ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। প্রশিক্ষণ শেষে তারা স্থানীয় পর্যায়ে চাকুরি ও উদ্যোক্তা হিসেবে নিয়োজিত রয়েছেন। যেমন-মো: তহিবুল ইসলাম (০১৮৫৯-১৫৭৯৮৯); মো: লিখন শেখ, (০১৯৮২-৮৯০০৫২), তামিমুল শেখ (০১৭২৭-৮৪৬৬৩২), মো: মাজেদুল ইসলাম (০১৭৩৪-৮৬১৯১৮)।

২২.৩ প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র: পরিদর্শনের স্থিরচিত্র সংযুক্তি 'ক'-তে দেয়া হলো।

২৩. সার্বিক পর্যবেক্ষণ:

২৩.১ তিন বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত প্রকল্পটি সমাপ্ত করতে ০৫ বছর সময় লেগেছে। প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে ভবন নির্মাণে বোরিং পাইলের পরিবর্তে কাস্টিং পাইল ফাউন্ডেশনের প্রয়োজন হয়। ফলে বিভিন্ন পর্যায়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক PWD রেইট সিডিউল-২০১৮ অনুযায়ী ডিপিপি সংশোধন করা হয়। এ কারনে প্রকল্পের Cost-over-run ২৪.৬৫% এবং Time-over-run ৫০% বৃদ্ধি পেয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে যথাযথ সমীক্ষা ছিল না;

২৩.২ নবনির্মিত ভবনসমূহের প্রোচে যাওয়ার পথ না থাকায় ময়লা-আবর্জনায় পড়ে প্রোচটি অপরিস্কার রয়েছে। তাছাড়া পাবনা প্রশিক্ষণ কেন্দ্রের পানির টাংকির পাইপ থেকে পানি পড়ে ছাদ নষ্ট হচ্ছে;

২৩.৩ বিসিক জেলা কার্যালয়, গোপালগঞ্জ থেকে নব নির্মিত প্রশিক্ষণ কেন্দ্রের ২টি কক্ষ ব্যবহার করা হচ্ছে। প্রয়োজনীয় কক্ষ (ল্যাব) না থাকায় প্রকল্প থেকে প্রাপ্ত কতিপয় প্রশিক্ষণ সামগ্রী ১টি কক্ষে স্তুপ আকারে রাখা হয়েছে। ফলে এ সকল প্রশিক্ষণ সামগ্রী নষ্ট হওয়ার আংশকা রয়েছে; এবং

২৩.৪ প্রকল্পের আরডিপিপি ও পরিপত্র অনুযায়ী ১২টি করে পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠানের উল্লেখ ছিল। কিন্তু প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে ৬টি পিআইসি ও ৩টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে।

২৪. **সুপারিশসমূহ:**

(ক) প্রকল্পটি বাস্তবায়নে Cost-over-run ২৪.৬৫% এবং Time-over-run ৫০% বৃদ্ধি পেয়েছে। ভবিষ্যতে এ ধরনের নির্মাণ কাজের প্রয়োজনীয় কম্পোনেন্ট নির্বাচনপূর্বক নির্মাণ ব্যয় নির্ধারণ করা যেতে পারে;

(খ) প্রকল্প মেয়াদের ২০১৫-২০১৬ হতে ২০১৭-২০১৮ অর্থবছর পর্যন্ত ছাড়কৃত অর্থের মধ্যে প্রায় ৫০% সমর্পণ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার বিপরীতে অর্থ ছাড় ও ব্যয় করতে হবে;

(গ) প্রশিক্ষণ কেন্দ্রের যে সকল সোলার প্যানেল, পানির টাংকির পাইপ ইত্যাদি বিকল রয়েছে, তা BoQ এর শর্তানুযায়ী ঠিকাদারের মাধ্যমে প্রয়োজনীয় মেরামত করতে হবে।

(ঘ) প্রকল্পটি বাস্তবায়নের ফলে স্থানীয় বেকার যুবকদের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ শেষে চাকুরী ও উদ্যোক্তা হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। এ বিষয়টি আরো অর্থবহ করার জন্য প্রশিক্ষণ প্রাপ্তদের সংশ্লিষ্ট বিসিক শিল্পনগরীতে চাকুরীর জন্য শিল্প মালিকদের সাথে জেলা বিসিক কার্যালয় থেকে ফলো-আপ সভা/যোগাযোগ করতে পারে;

(ঙ) প্রশিক্ষণ কেন্দ্রের প্রাপ্ত সকল যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ষ্টক রেজিষ্টারে তালিকাভূক্ত করে যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(চ) ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নে নিয়মিত পিআইসি ও পিএসসি সভা করা যেতে পারে; এবং

(ছ) প্রকল্পের অনুকূলে পেন্ডিং অডিট আপত্তিসমূহ নিস্পত্তির নিমিত্ত শিল্প মন্ত্রণালয় থেকে ত্রি-পক্ষীয় সভা করা যেতে পারে।

২৫। বর্ণিত পর্যবেক্ষণ ও সুপারিশগুলো প্রতিপালন করত: আগামী ১(এক) মাসের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তি-'ক'

প্রকল্প পরিদর্শনের স্থিরচিত্র:



চিত্র-১: বিসিক, পাবনা কার্যালয়ের কর্মকর্তাদের সাথে নবনির্মিত দক্ষতা উন্নয়ন কেন্দ্রের বিষয়ে আলোচনা।



চিত্র-২: ভবনের প্রোপ



চিত্র-৩: পাবনার ডরমেটরী ভবনের আউট সাইডে ফ্ল্যাট সিড়িতে ফাটল।



চিত্র-৪: পাবনায় বিভিন্ন কারিগরি ট্রেডের উপর প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি।



চিত্র-৫: পাবনার ডরমেটরী ভবনের ছাদে স্থাপিত পানির টাংকি।



চিত্র-৬: গোপালগঞ্জ প্রশিক্ষণ ভবন।

	
চিত্র-৭: গোপালগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রের কম্পি: ল্যাব।	চিত্র-৮: গোপালগঞ্জ কেন্দ্রের প্রশিক্ষণ সামগ্রী স্তুপ করে রাখা হয়েছে।

সংযুক্তি-'খ'

অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

ক্রঃনং	অংগের নাম	ডআরডিপিপি অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি		অবশিষ্ট (%)
		সংখ্যা/পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব (%)	
১	২	৩	৪	৫	৬	৭	৮
(ক)	রাজস্ব ব্যয় :						
০১	সম্মানী ভাতা	থোক	৮০০	-	৭৯৯.৪০	-	
০২	পরিস্কার পরিচ্ছন্নতা	থোক	৯৬০	-	৬৫৩.৫৫	-	
০৩	আপ্যায়ন ব্যয়	থোক	২০০	-	১৮৩.৪৫	-	
০৪	হায়ারিং চার্জ (গাড়িভাড়া)	থোক	১৮০০	-	১৫৯১.৭৮	-	
০৫	বিদ্যুত বিল	থোক	৫০	-	২৬.৩৮	-	
০৬	ইন্টারনেট বিল	থোক	৭০	-	৬১.২০	-	
০৭	ডাকখরচ	থোক	০০	-	--	-	
০৮	টেলিফোন	থোক	০০	-	--	-	
০৯	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	থোক	৪৮৮	-	৪৮৭.৫৬	-	
১০	অফিস ভবন ভাড়া	থোক	৪৯০	-	৪৮৩.০০	-	
১১	টেস্টিংফি	থোক	৮৮০	-	৮৭৭.০০	-	
১২	ব্যাংকচার্জ	থোক	১০০	-	৮৫.৬৯	-	
১৩	অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয়	থোক	৮০০	-	৭৭৭.০৩	-	
১৪	মুদ্রণ ও বাঁধাই	থোক	৫০০	-	২৫১.৫১	-	
১৫	স্ট্যাম্প ও সিল	থোক	৫০	-	২৯.২৬	-	
১৬	অন্যান্য মনিহারি	থোক	১১৩৪	-	৬৪৫.৮৪	-	
১৭	কনসালটেন্সি	থোক	৩৬৯০	-	৩৪৭৫.০০	-	
১৮	কম্পিউটার মেরামত	থোক	৪০০	-	২২৮.৪০	-	
১৯	যন্ত্রপাতি/সরঞ্জামাদি মেরামত	থোক	৪০০	-	২০৪.০০	-	
	(ক) উপ-মোট -রাজস্ব		১২৮১২	-	১০৮৬০.০৫	-	
(খ) মূলধন							
০১	অনাবাসিক ভবন	২৫৪৪০ বঃমিঃ	১৭৪২৪৩	-	১৭৩৩৮৪.৬১	-	
০২	যন্ত্রপাতি ও অন্যান্যসরঞ্জাম	-	৫৪১২৪	-	৫৪১২৪.০০	-	
০৩	যন্ত্রপাতি সংশ্লিষ্ট অন্যান্য	থোক	২৩৬০	-	২৩৫৪.০০	-	
০৪	ক্রোকারিজ	থোক	৮০০	-	৭৮৩.০৫	-	
০৫	ফার্ণিচার (পিডির অফিস ও প্রশিক্ষণ কেন্দ্রের জন্য)	থোক	৪৯৬১	-	৪৯৪৮.৪৭	-	
(খ)	**উপ-মোট মূলধন**		২৩৬৪৮৮	-	২৩৫৫৯৪.১৩	-	
সর্বমোট রাজস্ব+মূলধন (ক+খ):			২৪৯৩০০	-	২৪৬৪৫৪.১৮	-	

সংযুক্তি: 'গ'

প্রধান প্রধান ক্রয় কার্যক্রম:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকা)	দরপত্রের ধরণ ম্যানুয়াল/ ইজিপি	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য (লক্ষ টাকা)	কাজ সমাপ্তির তারিখ চুক্তি অনুযায়ী	কাজ সমাপ্তির তারিখ প্রকৃত	বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
Construction of Training Centre and Dormitory Building at **Pabna.** (6-Storied Pilefoundation & 3-Storied Building).	12-07-2018 (566.05)	Egp	30-09-2018 (509.44)	22-12-2019	22-12-2019	Imple-mented as per schedule time.
Construction of Training Centre and Dormitory Building at **Cumilla.** (6-Storied Pilefoundation & 3-Storied Building).	01-08-2018 (539.32)	Egp	15-10-2018 (485.38)	18-12-2019	18-12-2019	Imple-mented as per schedule time.
Construction of Training Centre and Dormitory Building at **Narsingdi.** (6-Storied Pilefoundation & 3-Storied Building).	05-09-2018 (552.92)	Egp	12-11-2018 (497.63)	30-12-2019	30-12-2019	Imple-mented as per schedule time.
Construction of Second Floor on Existing SDC Building of BSCIC at**Gopalgonj.**	18-12-2017 (77.17)	Egp	12-02-2018 (69.45)	26-11-2018	26-11-2018	Imple-mented as per schedule time.
Fittings cum machine shop, Arc and Gas welding training course related machineries and others for 4 skill development centre of BSCIC located at **Gopalgonj, Pabna, Cumilla and Narsingdi.**	05-09-2019 (320.00)	Manual	24-10-2019 (317.00)	31-12-2019	31-12-2019	Imple-mented as per schedule time.

**আরডিপিপি'তে মোট প্যাকেজের সংখ্যা: ২১টি; বাস্তবায়ন পর্যায়ে প্যাকেজের সংখ্যা: ২১টি।

বিসিক শিল্পনগরী,গোপালগঞ্জ প্রকল্প (৩য় সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০২০)

০১. প্রকল্পের নাম : বিসিক শিল্পনগরী,গোপালগঞ্জ প্রকল্প (৩য় সংশোধিত)

০২. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়

০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করর্পোরেশন (বিসিক)

০৪. অর্থায়নের উৎস : জিওবি

০৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল ডিপিপির চেয়ে%)	অতিক্রান্ত সময় (মূল ডিপিপির চেয়ে%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪২১২.০০	১০২৮৩.০০	৯৮৩০.২২	জুলাই ২০১০ হতে জুন ২০১৩	জুলাই ২০১০ হতে জুন ২০২০	জুলাই ২০১০ হতে জুন ২০২০	১৩৩.৩৯%	২৩৩%

০৬. প্রকল্পের পটভূমিঃ

অবকাঠামোগত সুবিধাসহ ক্ষুদ্র ও কুটির এবং মাঝারী শিল্পের উন্নয়ন বিসিকের অন্যতম প্রধান কাজ। এ লক্ষ্যে বিসিক ১৯৬০ সাল থেকে সারা দেশে ৭৬টি শিল্প নগরী স্থাপন করেছে। তম্মধ্যে বিদ্যমান গোপালগঞ্জ বিসিক শিল্পনগরী একটি, যা ১৯৯৯ সনে ১০.৫০ একর জমির উপর প্রতিষ্ঠিত ৭০টি শিল্প প্লটের ৭০টি প্লটই বরাদ্দ প্রদান করা হয় এবং যথারীতি শিল্প-কারখানা স্থাপিত হয়েছে। নতুন প্রতিশ্রুতিশীল সম্ভাবনাময় উদ্যোক্তাদের চাহিদার প্রেক্ষিতে বাংলাদেশ সরকার "বিসিক শিল্পনগরী, গোপালগঞ্জ প্রকল্প (৩য় সংশোধিত)"-শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করেছে।

০৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

- অবকাঠামোগত সুবিধাসহ অধিগ্রহণকৃত ৫০ একর জমিতে ৩৬০ টি শিল্প প্লট নির্মাণ;
- কমবেশী ২৫০টি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে দারিদ্র নিরসন; এবং
- জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধিকরণ এবং প্রায় ২৫০০ লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

০৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- জমি অধিগ্রহণ;
- ভূমি উন্নয়ন;
- প্রশাসনিক ভবন নির্মাণ;
- পাম্প ড্রাইভার কোয়াটার নির্মাণ;
- রাস্তা নির্মাণ;
- বৈদ্যুতিক লাইন স্থাপন;
- ড্রেন নির্মাণ; এবং
- পানি সরবরাহ লাইন স্থাপন।

০৯. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

ক্রম	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
০১	শিল্প উদ্যোক্তার উন্নত শিল্প প্লটের ক্রমবর্ধমান চাহিদার পরিপ্রেক্ষিতে বিদ্যমান শিল্প অঞ্চলকে আরও ৫০ একরে সম্প্রসারণ;	বিদ্যমান শিল্পনগরীকে আরো ৫০ একর জমির উপর ১টি স্বতন্ত্র ইউনিটে সম্প্রসারণ করা হয়েছে;
০২	মাটি ভরাট, রাস্তা, বিদ্যুৎ ইত্যাদির মতো অবকাঠামোগত সুবিধাসহ অধিগ্রহণ করা ৫০ একর জমিতে ৩৬০ টি শিল্প প্লট স্থাপন।	মাটি ভরাট, রাস্তা, বিদ্যুৎ ইত্যাদি অবকাঠামোগত সুবিধা সৃষ্টি হয়েছে;

ক্রম	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
০৩	সম্প্রসারিত শিল্পনগরীতে অন্তত ২৫০ টি শিল্প ইউনিট স্থাপনের মাধ্যমে দারিদ্র্য বিমোচন; এবং	প্লট বরাদ্দ চলমান রয়েছে। ইতোমধ্যে ৭টি শিল্প ইউনিটের জন্য প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে; এবং
০৪	শিল্পায়নের মাধ্যমে জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধি এবং প্রায় ২৫০০ লোকের কর্মসংস্থান সৃষ্টি করা।	শিল্পনগরীতে কারখান চালু হলে জিডিপিতে শিল্প খাতের অবদান বৃদ্ধি হবে এবং প্রায় ২৫০০ লোকের কর্মসংস্থান সৃষ্টি হবে।

নোট: শিল্প নগরীটি জুন ২০২০ সনে হস্তান্তর করা হয়েছে। অব্যাবধি কোন কল-কালখানা স্থাপন না করায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়নি।

১০. কাজ অসম্পূর্ণ থাকলে তার কারণ: প্রকল্পের অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্পের সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

১১. মূল্যায়ন পদ্ধতি (Methodology):

- ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- প্রকল্প পরিচালকের নিকট সংরক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনা; এবং
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই, তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন ও প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা।

১২. অর্থবছর ভিত্তিক বরাদ্দ ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অর্থবছর	মূল ডিপিপি	আরডিপিপি	আরএডিপি বরাদ্দ	অবমুক্ত	মোট প্রকৃত ব্যয় (%)	সমর্পনকৃত (%)
২০১০-১১	১৭১২.৫৫	৩৮.৫৬	৮০.০০	৮০.০০	৭০.৫৯	৯.৪১
২০১১-১২	১০২৮.৪৬	৪৫৬৩.১৬	৪৫৫৩.০০	৪৫৫৩.০০	৪৫৫০.৮৮	২.১২
২০১২-১৩	১৪৭০.৯৯	২৭১.৪২	৬০০.০০	৬০০.০০	৫৮৭.৫৬	১২.৪৪
২০১৩-১৪	-	৩২৭.৩৩	১৩.০০	১৩.০০	১২.৬৯	০.৩১
২০১৪-১৫	-	১১৫৯.১০	১৫০০.০০	১৫০০.০০	১৪২৬.৭৮৫	৭৩.২১৫
২০১৫-১৬	-	৮৩৭.০৮	৭০৮.০০	৭০৮.০০	৬১১.৬৬	৯৬.৩৪
২০১৬-১৭	-	১৭৬২.৩৪	১৮৫৭.০০	১৮৫৭.০০	১৫৯০.০৩	২৬৬.৯৭
২০১৭-১৮	-	২২.৩১	২৯৩.০০	২৯৩.০০	১৮২.৭৮	১১০.২২
২০১৮-১৯	-	৬৭৮.৮৮	১১৫.০০	১১৫.০০	৭০.৭৯৫	৪৪.২০৫
২০১৯-২০	-	৬২২.৮২	৯১৬.০০	৯১৬.০০	৮০২.১০	১১৩.৯০
	৪২১২.০০	১০২৮৩.০০	১০৬৩৫.০০	১০৬৩৫.০০	৯৮৩০.২২ (৯২.৪৩%)	৮০৪.৭৮ (৭.৫৬%)

নোট: অবমুক্ত টাকার ৯২.৪৩% ব্যয় করা হয়েছে। ব্যয়ের হার সন্তোষজনক।

১৩. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

এম	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি-না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
৮.	মোল্লা সাখাওয়াত হোসেন প্রকল্প পরিচালক	না	হ্যাঁ	না	০১-০৭-২০১০	০২-১২-২০১২
৯.	প্রকৌ. মনজুর কাদের প্রকল্প পরিচালক	না	হ্যাঁ	না	০২-১২-২০১২	২৪-১০-২০১৩

এম	নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	একের অধিক প্রকল্পের দায়িত্বে নিয়োজিত কি-না	প্রকল্প পরিচালকের দায়িত্বকাল	
					আরম্ভ	সমাপ্ত
১০.	প্রকৌ. জসীম উদ্দিন প্রকল্প পরিচালক	না	হ্যাঁ	না	২৪-১০-২০১৩	২৭-১২-২০১৮
১১.	এস এম এবাদুল হক প্রকল্প পরিচালক	না	হ্যাঁ	না	১৫-০১-২০১৯	১৯-০৯-২০১৯
১২.	চয়ন বিশ্বাস প্রকল্প পরিচালক	না	হ্যাঁ	না	১৯-০৯-২০১৯	৩০-০৬-২০২০

নোট: প্রকল্পটির বাস্তবায়ন পর্যায়ে ৫জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন। তাদের মধ্যে প্রকৌ. মনজুর কাদের ১০ মাস ও এস এম এবাদুল হক ৮ মাস কর্মরত ছিলেন। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে ঘন ঘন প্রকল্প পরিচালক পদায়ন পরিহার করা প্রয়োজন।

১৪. প্রকল্পের অনুমোদন ও সংশোধন:

(লক্ষ টাকায়)

অনুমোদনের পর্যায়	অনুমোদনের তারিখ	বাস্তবায়নকাল	অনুমোদিত ব্যয়
মূল অনুমোদন	একনেক কর্তৃক ৩১-০৮-২০১০ খ্রি:	জুলাই ২০১০ হতে জুন ২০১৩	৪২১২.০০
১ম সংশোধন	একনেক কর্তৃক ১৪/০২/২০১২ খ্রি;	জুলাই ২০১০ হতে জুন ২০১৪	৭৪৩০.০০
২য় সংশোধন	একনেক কর্তৃক ০৩-০২-২১৫ খ্রি:	জুলাই ২০১০ হতে জুন২০১৬	৯৮৮৫.০০
১ম বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি	০২-০৬-২০১৬ খ্রি:	জুলাই ২০১০ হতে জুন২০১৭	৯৮৮৫.০০
২য় বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি	২০-০৪-২০১৭ খ্রি:	জুলাই ২০১০ হতে জুন২০১৮	৯৮৮৫.০০
৩য় সংশোধন	একনেক কর্তৃক ২১-০১-২০২১ খ্রি:	জুলাই ২০১০ হতে জুন২০২০	১০২৮৩.০০

নোট: ডিপিপি'র অনুমোদিত মেয়াদে জমির মূল্য বৃদ্ধির কারণে ১ম সংশোধনের প্রয়োজন হয়। রেলওয়ে হতে জমি বুঝে পেতে বিলম্ব ও PWD রেট সিডিউল পরিবর্তনের কারনে আরডিপিপি ২য় পর্যায়ে সংশোধন করা হয়। শিল্পনগরীতে প্রবেশের জন্য এ্যাপ্রোচ রোড নির্মাণের বিষয়ে রেলওয়ে ও বিসিকের মধ্যে জটিলতার কারণে প্রকল্পটির ৩য় সংশোধন প্রয়োজন হয়। ৩বছর মেয়াদী প্রকল্পটির বাস্তবায়ন কাজ সমাপ্ত করতে ১০ বছর ব্যয় হয়েছে।

১৫. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: আরডিপিপি'র সংস্থানের মধে অঙ্গভিত্তিক ব্যয় নির্বাহ করা হয়েছে। এতদসংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছক সংযুক্তি 'খ'-তে বর্ণিত।

১৬. প্রকিউরমেন্ট পরিকল্পনা বাস্তবায়ন: আরডিপিপি'তে মোট প্যাকেজের সংখ্যা ২৮টি। তম্মধ্যে পণ্য-১৫, পূর্ত-১২, সেবা-১টি। ক্রয় সংক্রান্ত তথ্যাদি সংযুক্তি 'গ'-তে বর্ণিত।

১৭. অডিট সংক্রান্ত:

প্রকল্পের ব্যয়িত অর্থের ২০১০ থেকে ২০১৪ পর্যন্ত ১৩টি, ২০১৫-২০১৬ অর্থবছরের ৮টি এবং ২০১৮ সনের ৪টি সর্বমোট উত্থাপিত ২৫টি অডিট আপত্তির জবাব বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। তম্মধ্যে ৫টি অডিট আপত্তি নিস্পত্তি হয়েছে। এছাড়াও ২০১৯ সনের ব্যয়িত অর্থের অডিট হয়নি। প্রকল্পটির অডিট সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি পরিশিষ্ট-'ঘ' বর্ণিত।

১৮. প্রকল্প পরিদর্শনঃ

আইএমইডি'র সহকারী পরিচালক (সি: সহ: সচিব) মো: বশীর আহাম্মেদ কর্তৃক প্রকল্পটির কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতা করেন। প্রাপ্ত তথ্যাদির আলোকে পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নেবর্ণিত-

১৮.১ শিল্প নগরীর বিভিন্ন ভবন, রাস্তা, কালর্ভাট, ড্রেণ, গেইট সকল পূর্ত কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর (রড, সিমেন্ট, ইট, বালু ইত্যাদি) ল্যাবরেটরী টেস্ট করা হয়নি। এতে করে দরপত্রের Specification অনুযায়ী নির্মাণ কাজের মান সম্পর্কে নিশ্চিত হওয়া যায়নি;

১৮.২ সড়ক নির্মাণ: সড়কের ড্রয়িং-ডিজাইন এবং বিভিন্ন লেয়ার এর পুরুত্ব, বালু-খোয়ার পরিমান/মান ইত্যাদি পর্যবেক্ষণ করা হয়। এতে দেখা যায় যে, দরপত্রের কারিগরি বির্নিদেশ (Specification) অনুযায়ী বেইজ ও সাব-বেইজ লেয়ার-এ খোয়ার চেয়ে বালুর পরিমাণ বেশী। বাহ্যিক পরিক্ষান্তে বালু ফিলিং, বেইজ, সাব-বেইজ এর লেয়ারের কম্পাকশন যথাযথ হয়নি মর্মে প্রতীয়মান হয়। সড়কের একাধিক স্থানে edge থেকে ডেবে খাদ সৃষ্টি হয়েছে। অধিকাংশ স্থানেই রেইন-কাট হয়ে সড়ক নষ্ট হয়েছে এবং সড়কের উপর ঘাস জন্মেছে;

১৮.৩ বিদ্যুত লাইন স্থাপন: সড়কের নির্মাণ কাজ সমাপ্তির পর গোপালগঞ্জ পল্লী বিদ্যুত সমিতি কর্তৃক বিদ্যুতের খাম্বা স্থাপন করায় সড়কে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ক্ষতিগ্রস্থ সড়ক পুন:নির্মাণ/মেরামত করা হয়নি;

১৮.৪ পাম্প কোয়ার্টার নির্মাণ: পাম্প কোয়ার্টারের দরজা-জানালা, বেসিন, কমোট ইত্যাদি ভাংগা অবস্থায় দেখা যায়। এটি ব্যবহার না করায় ক্রমশই নষ্ট হচ্ছে;

১৮.৫ বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ, পাম্প হাউজ নির্মাণ: শিল্প নগরীতে বিদ্যুৎ লাইন, গভীর নলকূপ, পাম্প হাউজ, ডিপোজিট ওয়ার্কের মাধ্যমে সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে এগুলো সচল দেখা যায়;

১৮.৬ রক্ষণাবেক্ষণ: শিল্প নগরীটি জুন ২০২০ সনে হস্তান্তর করা হয়েছে। এতে সর্বমোট ১৩০টি শিল্প প্লট তৈরী করা হয়েছে, যার মধ্যে মাত্র ৭টি প্লট বরাদ্দপূর্বক দখল হস্তান্তর করা হয়েছে। অদ্যাবধি কোন কল-কালখানা স্থাপন না করায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়নি। ব্যবহার/রক্ষণাবেক্ষণের অভাবে ড্রেন ময়লা আবর্জনায় ভরে গেছে। তাছাড়া পানি, বিদ্যুৎ, নলকূপ ইত্যাদির ফিটিংস্ ক্ষতিগ্রস্থ হচ্ছে;

১৮.৭ পরিদর্শনের স্থিরচিত্র: পরিদর্শনের স্থিরচিত্র সংযুক্তি 'ক'-তে দেয়া হলো।

১৯. সুপারিশ/মতামত:

(ক) **নির্মাণ সামগ্রীর ল্যাবরেটরী টেস্ট না করায় কারণ ব্যাখ্যা প্রদান এবং সকল পূর্ত কাজের মান পরীক্ষা করে একটি প্রতিবেদন ১(এক) মাসের মধ্যে আইএমইডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে;**

(খ) ক্ষতিগ্রস্থ সড়কের মেরামত দ্রুত সম্পন্ন করে আইএমইডি'কে অবহিত করতে হবে;

(গ) সরঞ্জামাদি ও ফার্নিচারের তালিকা করে বিধি মোতাবেক বিসিকের টিওএন্ডইভুক্ত/রক্ষণাবেক্ষণ করা যেতে পারে;

(ঘ) প্লট বরাদ্দ এবং কারখানা স্থাপনের বিষয়ে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আইএমইডি'তে জরুরিভিত্তিতে প্রেরণ করতে হবে;

(ঙ) ব্যয়িত অর্থের অডিট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আইএমইডি'কে অবহিত করতে হবে; এবং

(চ) ভবিষ্যতে প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে।

২০। বর্ণিত পর্যবেক্ষণ ও সুপারিশগুলো প্রতিপালনকরত: আগামী ১(এক) মাসের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি আইএমইড-কে অবহিত করতে হবে।

সংলগ্নী-'ক'

পরিদর্শনের স্থিরচিত্র:



চিত্র-১: প্রকল্প পরিচালকের সাথে আলোচনা।



চিত্র-২: শিল্প নগরীর প্রশাসনিক ভবন।



চিত্র-৩: সড়কের বিভিন্ন লেয়ার পরিমাপ।



চিত্র-৪: আরইবি কর্তৃপক্ষ কর্তৃক বিদ্যুৎ লাইন স্থাপনের ফলে ক্ষতিগ্রস্থ সড়ক।



চিত্র-৩: সড়কের বিভিন্ন অংশের পরিমাপ।



চিত্র-৪: রেইনকাট হয়ে ক্ষতিগ্রস্থ সড়ক।

সংলগ্নী-'খ'

অঙ্গভিত্তিক অগ্রগতি:

ক্রম	অংগের নাম	**আরডিপিপি** অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি	
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
(ক)	রাজস্ব ব্যয়:					
	কর্মকর্তাদের মূল বেতন	১ জন	১০.৩৪	১০০	৮.৪২	৮১.৪৪
	কর্মচারীদের মূল বেতন	১ জন	৭.৮৯	১০০	৭.৮৯	১০০.০০
	ভাতাদি	২ জন				
	দায়িত্ব ভাতা	২ জন	০.৭২	১০০	০.৬১	৮৪.৭৩
	মহার্ঘ ভাতা	২ জন	২.১৫	১০০	০.৬৭	৩১.১৭
	শিক্ষা সহায়ক ভাতা	২ জন	০.২৪	১০০	০.০৯	৩৭.৫০
	বাড়ি ভাড়া ভাতা	২ জন	৭.৮৪	১০০	৬.৬২	৮৪.৪৪
	চিকিৎসা ভাতা	২ জন	১.৯২	১০০	১.৬৫	৮৫.৯৪
	টিফিন ভাতা	২ জন	০.১৮	১০০	০.১৫	৮৩.৩৪
	উৎসব ভাতা	২ জন	২.৯৫	১০০	২.২০	৭৪.৫৮
	নববর্ষ ভাতা	২ জন	০.১২	১০০	০.০৭	৫৮.৩৪
	অন্যান্য আর্থিক সহায়তা	২ জন	৮.০০	১০০	৫.২১	৬৫.১৩
	মোট বেতন ভাতা	২ জন	৪২.৩৫	১০০	৩৩.৫৮	৭৯.৩০
	প্রশাসনিক ব্যয়	-				
	ভ্রমন ব্যয়	-	১৭.২৫	১০০	১৪.৬২	৮৪.৭৬
	ভূমি উন্নয়ন কর	-	১০.০০	১০০	৯.৪৫	৯৪.৫০
	ডাক ও তার	-	০.৩০	১০০	০.২২	৭৩.৩৪
	টেলিফোন	-	০.৭৬	১০০	০.৬৭	৮৮.১৬
	টেলেক্স/ফ্যাক্স	-	০.২৬	১০০	০.০৫	১৯.২৩
	রেজিস্ট্রেশন	-	০.৩০	০	০.০০	০
	বিদ্যুৎ	-	২.৫০	১০০	২.১৩	৮৫.২০
	পেট্রোল, ওয়েল এন্ড লুব্রিকেন্ট	-	১৪.৩৫	১০০	১৩.৯৮	৯৭.৪৩
	বীমা	-	৭.৫০	১০০	৭.০০	৯৩.৩৪
	মুদ্রণ ও বাঁধাই	-	২.০০	১০০	১.৯৪	৯৭.০০
	ষ্টেশনারী	-	১০.০০	১০০	৯.৮৪	৯৮.৪০
	প্রচার ও বিজ্ঞাপন	-	৬.৫০	১০০	৬.৪২	৯৮.৭৭
	আপ্যায়ন খরচ	-	৩.০০	১০০	৩.০০	১০০.০০
	আউট সোর্সিং জনবল	৫ জন	৫১.৭১	১০০	৫১.৭১	১০০.০০
	কনসালটেন্সি আইইই/ ইআইএ	-	১৪.৯৮	১০০	১৪.৯৮	১০০.০০
	ডুপ্লিকেট কপি/অনুলিপি	-	৫.০০	১০০	৪.০২	৮০.৪০
	সম্মানি/পারিতোষিক	-	১৫.২৫	১০০	১৫.২৫	১০০.০০
	আইন খরচ	-	১.০০	০	০	০
	পরিস্কার পরিচ্ছন্ন	-	৩.১০	১০০	২.৮৪	৯১.৬২
	প্রাথমিক খরচ	-	৫.৬০	১০০	২.৯২	৫২.১৫
	অপ্রত্যাশিত ব্যয়	-	১০.০২	১০০	৯.৭২	৯১.৮২
	উপ-মোট প্রশাসনিক	-	১৮১.৩৮	১০০	১৭০.৭৬	৯৩.৮৬
	মেরামত ও সংরক্ষণ	-				
	মোটরযান	-	৫.০০	১০০	৪.৪৫	৮৯.০০
	কম্পিউটার ও অফিস সরঞ্জামাদি	-	২.৫০	১০০	১.৬৯	৬৭.৬০
	অনাবাসিক ভবন	-				

ক্রম	অংগের নাম	**আরডিপিপি** অনুয়ায়ী লক্ষ্যমাত্রা			প্রকৃত অগ্রগতি	
		সংখ্যা/ পরিমাণ	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
	ক) বিদ্যমান শিল্পনগরী ভবন মেরামত	-	৬.৫০	১০০	৬.২৫	৯৬.১৬
	খ) বিদ্যমান নৈবিকে ভবন মেরামত	-	৩.৪২	১০০	৩.৪২	১০০.০০
	বিদ্যমান শিল্পনগরী রাস্তা নির্মাণ	-	১৯.৩১	১০০	১৯.৩১	১০০.০০
	বিদ্যমান শিল্পনগরী ড্রেন নির্মাণ	-	৫.৭৭	১০০	৫.৪৫	৯৫.৬২
	উপ-মোট মেরামত	-	৪২.৫০	১০০	৪০.৫৭	৯৫.৪৬
	ক) উপ-মোট (রাজস্ব)	-	**২৬৬.২৩**	**১০০**	**২৪৪.৯১**	**৯১.৮০**
(খ) মূলধন						
	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	-				
	যানবাহন					
	জীপ	১ টি	৫৬.১১	১০০	৫৫.২৭	৯৮.৫১
	মটর সাইকেল	১ টি	১.৬০	১০০	১.৫৯	৯৯.৩৮
	বাইসাইকেল	২ টি	০.২০	১০০	০.১৯	৯৫.০০
	কম্পিউটার এবং আনুষাঙ্গিক	-				
	ডেস্ক কম্পিউটার	৩ টি	২.৯৫	১০০	২.৯১	৯৮.৫৬
	ল্যাপটপ কম্পিউটার	৪ টি	৩.৯৭	১০০	৩.৬৩	৯১.৪৪
	প্রিন্টার	৩ টি	০.৭০	১০০	০.৬৪	৯১.৪৩
	ফ্যাক্স মেশিন	১ টি	০.৩৫	১০০	০.৩৫	১০০.০০
	পেন ড্রাইভ, মডেম অন্যান্য	-	১.৫০	১০০	১.৪৭	৯৮.০০
	অফিস সরঞ্জামাদি	-				
	ল্যান্ড ফোন	২ টি	০.০৩	১০০	০.০২	৬৬.৬৭
	সার্ভে ইকুইপমেন্ট		১.৭৮	১০০	১.৭৮	১০০.০০
	ডিপ টিউবওয়েল	১ টি	৫.০০	১০০	৩.৯৩	৭৮.৬০
	ফটোকপিয়ার	২ টি	৩.০০	১০০	২.৯৯	৯৯.৬৭
	এয়ার কন্ডিশনার	১ টি	১.২০	১০০	১.২০	১০০.০০
	আসবাবপত্র	-	৭.০০	১০০	৬.৯৭৫	৯৯.৫৮
	বৈদুতিক সরঞ্জামাদি	-	২.০০	১০০	১.৯১	৯৫.০০
	বনায়ন	১০০০ টি	৫.০০	১০০	৪.৮৫	৯৬.৮০
	মোট (সম্পদ সংগ্রহ)		**৯২.৩৩৯**	**১০০ %**	**৮৯.৭০৫**	**৯৭.১০%**
	ভূমি	-				
	ক) ভূমি অধিগ্রহণ ও ক্রয়	৫০ একর	৪৫০৪.৮০	১০০	৪৫০৪.৮০	১০০.০০
	খ) নিমতলা রোডে বিদ্যমান স্থাপনার ক্ষতিপূরণ	-	১১.৪৫	১০০	৩.০৯	২৬.৯৯
	ভূমি উন্নয়ন	৮৩৭৫৭৫ ঘ.মি.	১১৩৯.৫১	১০০	১০২৫.৯১	৯০.০৩
	অনাবাসিক ভবনসমূহ	**-**				
	অফিস ভবন	-				
	সয়েল টেষ্ট	-	০.৭৭	১০০	০.৭৭	১০০.০০
	৩তলা ফাউন্ডেশনসহ	-	১৬৪.২৪	১০০	১৪৩.৬৭	৮৭.৪৮
	অন্যান্য ভবন পাম্প ড্রাইভার কোয়ার্টার	-	২৬.৭৮	১০০	২৬.৭৩	৯৯.৮২
	শিল্পনগরীর বাউন্ডারি ওয়াল ও মেইন গেট	-				
	বাউন্ডারি ওয়াল	১৮০০ মি.	২৪৪.৫৬	১০০	২৩৮.১৫	৯৭.৩৮
